ভুক্তভোগীর অধিকারের সারাংশ

1. বুঝতে সক্ষম হওয়া এবং নিজেকে বুঝাতে পারা

আপনার অধিকার আছে যাতে আপনাকে এমনভাবে তথ্য প্রদান করা হবে যা বোঝা সহজ হবে এবং একইসাথে, যদি প্রয়োজন হয়, ভাষান্তর ও অনুবাদ সেবা পাওয়ার ব্যবস্থা সহ বোঝার জন্য আপনাকে সহায়তা করা হবে।

2. অযৌক্তিক কোনো বিলম্ব ছাড়া রেকর্ডকৃত অপরাধের বিবরণ পাওয়া

অপরাধের ঘটনার পর যত তাড়াতাড়ি সম্ভব পুলিশ কর্তৃক রেকর্ডকৃত অপরাধের বিবরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনার যদি কোনো সাক্ষীর বিবৃতি প্রদান করতে হয় অথবা আপনার সাক্ষাতকার নেওয়ার প্রয়োজন হয়, সেক্ষেত্রে এই প্রক্রিয়ায় আপনার সাহায্যের জন্য অতিরিক্ত সহায়তা পাওয়ার অধিকার আপনার রয়েছে।

3. অপরাধ রিপোর্ট করার সময় তথ্য পাওয়া

অপরাধটি রিপোর্ট করার সময় লিখিত নিশ্চিতকরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে, ফৌজদারি বিচার প্রক্রিয়া সম্পর্কে তথ্য পাওয়া এবং অপরাধের শিকার হওয়া ভুক্তভোগীদের জন্য বিভিন্ন কর্মসূচি অথবা পরিষেবা সম্পর্কে জানার অধিকার রয়েছে। এর মধ্যে এমন পরিষেবাগুলোও অন্তর্ভুক্ত থাকতে পারে যেখানে আপনি সন্দেহভাজন বা অপরাধীর সাথে দেখা করতে পারেন, যা রেস্টোরেটিভ জাস্টিস নামে পরিচিত।

4. ভুক্তভোগীকে সহায়তা করে এমন পরিষেবাতে আপনাকে রেফার করা যাদের কাছে আপনার প্রয়োজন অনুসারে সেবা ও সহায়তা প্রদানের ব্যবস্থা রয়েছে।

যারা ভুক্তভোগীদেরকে সহায়তা করে তাদের কাছে আপনাকে রেফার করার অধিকার আপনার রয়েছে, যার মধ্যে রয়েছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করার অধিকার এবং আপনার প্রয়োজনসমূহ মূল্যায়ন করা যাতে আপনার প্রয়োজন মেটানোর জন্য সেবা এবং সহায়তার ব্যবস্থা করা যেতে পারে। উপযুক্ত হলে, বিশেষজ্ঞ সহায়তা পরিষেবার কাছে

আপনাকে রেফার করা এবং আদালতে যেসব অতিরিক্ত সহায়তা পাওয়া যাবে সেগুলো সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে, উদাহরণস্বরূপ কোনো বিশেষ ব্যবস্থা।

5. ক্ষতিপূরণ সম্পর্কে তথ্য পাওয়া

উপযুক্ত ক্ষেত্রে, অপরাধের ফলে সৃষ্ট কোন ক্ষতি, লোকসান বা আঘাতের জন্য ক্ষতিপূরণ কীভাবে দাবি করবেন সে সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে। .

6. তদন্ত এবং প্রসিকিউশন সম্পর্কে তথ্য পাওয়া

আপনার মামলার হালনাগাদ তথ্য পাওয়ার এবং কখন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হবে সে সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে। এছাড়াও, বিচার প্রক্রিয়ার কিছু নির্দিষ্ট পর্যায়ে, সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীর নেওয়া সিদ্ধান্তসমূহ পুনর্বিবেচনা করার জন্য বলার অধিকার আপনার রয়েছে।

7. ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি প্রদান করা

ভুক্তভোগীর একটি ব্যক্তিগত বিবৃতি প্রদান করার অধিকার আপনার রয়েছে যা আদালতকে জানাবে অপরাধটি আপনাকে কীভাবে প্রভাবিত করেছে এবং অপরাধীকে শাস্তি দেওয়ার সময় এটাকে বিবেচনা করা হবে। আপনাকে এটির প্রক্রিয়া সম্পর্কে তথ্য দেওয়া হবে।

8. বিচার, বিচারিক প্রক্রিয়া এবং একজন সাক্ষী হিসাবে আপনার ভূমিকা সম্পর্কে তথ্য পাওয়া

যদি আপনার মামলাটি আদালতে যায়, তবে মামলার যেকোনো শুনানির তারিখ, সময় ও স্থান সম্পর্কে এবং সেই শুনানির ফলাফল সময়মতো জানার অধিকার আপনার রয়েছে। যদি আপনার সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হয়, তাহলে বিচারের আগে আপনার উপযুক্ত সাহায্য পাওয়ার এবং যেখানে সম্ভব এবং আদালত যদি অনুমতি দেয়, সাক্ষ্য দেওয়ার আগে প্রসিকিউটরের সাথে দেখা করার অধিকার আপনার রয়েছে।

9. মামলার ফলাফল এবং কোনো আপীল সম্পর্কে তথ্য পাওয়া

মামলার ফলাফল এবং আসামী যদি দোষী সাব্যস্ত হয় সেক্ষেত্রে তাকে যে সাজা দেওয়া হয়েছে তার ব্যখ্যা পাওয়ার অধিকার আপনার রয়েছে। অপরাধী যদি তাদের দোষী সাব্যস্ত হওয়া বা সাজার বিরুদ্ধে আপীল করে, তাহলে আপীল এবং এর ফলাফল সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে।

10. খরচকৃত অর্থ এবং সম্পত্তি ফেরত পাওয়া

যদি আপনাকে আদালতে হাজিরা দিতে হয় এবং সাক্ষ্য দিতে হয়, তবে নির্দিষ্ট খরচসমূহ দাবি করার অধিকার আপনার রয়েছে। যদি আপনার কোনো সম্পত্তি প্রমাণ হিসেবে নেওয়া হয়, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব তা ফেরত পাওয়ার অধিকার আপনার রয়েছে।

11. দোষী সাব্যস্ত হওয়ার পরে অপরাধী সম্পর্কে তথ্য পাওয়া

উপযুক্ত হলে, আপনাকে স্বয়ংক্রিয়ভাবে ভিকটিম কন্টাক্ট স্কিমে রেফার করার অধিকার আপনার রয়েছে, যারা আপনাকে অপরাধী সম্পর্কে এবং কারাগারে তাদের অগ্রগতির তথ্য প্রদান করবেন এবং যদি/কখন তারা প্যারোল বা মুক্তি পাওয়ার জন্য বিবেচিত হওয়ার যোগ্য হবেন সে সম্পর্কে আপনাকে জানাবেন। যেখানে প্রযোজ্য, নতুন একটি ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি দেওয়ার অধিকারও আপনার রয়েছে, যেখানে আপনি বলতে পারবেন অপরাধটি এখনো কীভাবে আপনাকে প্রভাবিত করছে।

12. আপনার অধিকার পূরণ না হওয়ার বিষয়ে অভিযোগ জানানো

আপনার যদি মনে হয় যে আপনি আপনার অধিকারগুলো পাননি তবে সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীর কাছে অভিযোগ করার অধিকার আপনার রয়েছে। আপনি এর পরেও অসন্তুষ্ট থাকলে, আপনি পার্লামেন্টারি অ্যান্ড হেলথ সার্ভিস ওমবুডজম্যান-এর সাথে যোগাযোগ করতে পারেন।

ভূমিকা

ভিকটিমস কোড কী?

অপরাধের শিকার হওয়া ভুক্তভোগীদের জন্য অনুশীলন কোড [পাদটীকা 1] (ভিকটিমস কোড)-এ ইংল্যান্ড ও ওয়েলসে অপরাধের শিকার হওয়া ভুক্তভোগীকে সহায়তা প্রদানকারী পরিষেবাগুলো (সেবা প্রদানকারী হিসাবে পরিচিত) এবং তাদের যেসব ন্যূনতম মানদন্ড অবশ্যই পূরণ করতে হবে সে সম্পর্কে বলা হয়েছে।

এই কোডের অধীনে কে একজন 'ভিকটিম'?

এই কোড স্বীকার করে যে 'অভিযোগকারী' এবং 'বেঁচে যাওয়া' শব্দগুলো প্রায়শই ফৌজদারি বিচার ব্যবস্থায় এমন একজন ব্যক্তিকে বর্ণনা করতে ব্যবহৃত হয় যিনি পুলিশের কাছে অপরাধ সম্পর্কিত অভিযোগ করেছেন। যাহোক, এই কোডের উদ্দেশ্যের জন্য, 'ভিকটিম' বা ভুক্তভোগীর সংজ্ঞা হল:

- কোনো ব্যক্তি [পাদটীকা 2] যিনি কোনো ফৌজদারি অপরাধের কারণে সরাসরি শারীরিক, মানসিক বা আবেগজনিত ক্ষতি অথবা অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়েছেন [পাদটীকা 3]
- কোনো ব্যক্তির মৃত্যু সরাসরি একটি ফৌজদারি অপরাধের কারণে হয়ে থাকলে ঐ ব্যক্তির কোনো ঘনিষ্ঠ আত্মীয় [পাদটীকা 4] (অথবা মনোনীত পরিবারের মুখপাত্র)।

আপনিও এই কোডের অধীনে অধিকারগুলো পেতে পারেন যদি আপনি:

- ভুক্তভোগীর পিতামাতা বা অভিভাবক হয়ে থাকেন যদি ভুক্তভোগীর বয়স 18 বছরের কম হয় [পাদটীকা 5] অথবা
- পরিবারের মনোনীত একজন মুখপাত্র হয়ে থাকেন যদি ভুক্তভোগীর মানসিক প্রতিবন্ধকতা থাকে বা ফৌজদারি অপরাধের কারণে তিনি এতটাই খারাপভাবে আহত হয়েছেন যে তিনি যোগাযোগ করতে অক্ষম অথবা তা করার ক্ষমতা তার নেই।

সকল পরিষেবা প্রদানকারীকে অবশ্যই ভুক্তভোগীর সর্বোত্তম স্বার্থকে তাদের প্রাথমিক বিবেচনা হিসাবে গ্রহণ করতে হবে এবং ভুক্তভোগীর বয়স, পরিপক্কতা, দৃষ্টিভঙ্গি, চাহিদা এবং উদ্বেগগুলোকে সম্পূর্ণরূপে বিবেচনায় নিতে হবে।

কোন কোন অধিকার আপনার জন্য প্রযোজ্য হবে?

কোন অধিকারগুলো আপনার উপর প্রযোজ্য হবে তা নির্ভর করবে অপরাধটি পুলিশকে জানানো হয়েছে কিনা, মামলাটি আদালতে গেছে কিনা এবং আসামী দোষী সাব্যস্ত হয়েছে কিনা, সেইসাথে আপনার ব্যক্তিগত চাহিদা এবং পরিস্থিতির উপর। অধিকার 1, 4 এবং 12

সকল ভুক্তভোগীর জন্য প্রযোজ্য। অন্যান্য অধিকারগুলো শুধুমাত্র অপরাধটি পুলিশের কাছে রিপোর্ট করা হলে প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী আপনাকে বলবেন কোন অধিকারগুলো আপনার জন্য প্রযোজ্য হবে।

আমার সাথে কীভাবে আচরণ করা হবে?

আপনার অধিকার রয়েছে:

- সম্মান, মর্যাদা, সংবেদনশীলতা, সহানুভূতি এবং সৌজন্যের সাথে আচরণ করা হবে;
- আপনার পছন্দকে সম্পূর্ণরূপে সম্মান করা হবে;
- প্রাসঙ্গিক গোপনীয়তা এবং ডেটা সুরক্ষা আইনের অধীনে বাধ্যবাধকতা অনুযায়ী পরিষেবা প্রদানকারীগণ কর্তৃক আপনার ব্যক্তিগত গোপনীয়তাকে সম্মান করা হবে; এবং
- ফৌজদারি বিচার প্রক্রিয়া বুঝতে এবং এর সাথে জড়িত হতে সাহায্য করার জন্য আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করার জন্য পরিষেবাগুলো সহায়তা করবে এবং এই সহায়তা কোনও ধরণের বৈষম্য ছাড়া, পেশাদার পদ্ধতিতে প্রদান করা হবে।

সাক্ষীদের জন্য সহায়তা

কোনো অপরাধ সরাসরি প্রত্যক্ষ করার ফলে আপনি যদি শারীরিক, মানসিক বা আবেগজনিত অথবা অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হন, তাহলে আপনি এই কোডের আওতায় একজন ভুক্তভোগী হিসাবে বিবেচিত হবেন এবং ভুক্তভোগীদের সহায়তা করে এমন পরিষেবাগুলো অ্যাক্সেস করতে সক্ষম হবেন। পুলিশের কাছে আপনার কোনো বিবৃতি দেওয়ার বা সাক্ষাতকার দেওয়ার দরকার নেই, অথবা সাক্ষী হিসাবে আদালতে উপস্থিত থাকার প্রয়োজন নেই।

অন্য সব সাক্ষীগণ এই কোডের পরিবর্তে উইটনেস চার্টার [পাদটীকা 6] এর অধীনে প্রদত্ত পরিষেবাগুলো অ্যাক্সেস করতে পারেন।

আবাসিক (রেসিডেন্ট) অবস্থা

আপনার আবাসিক অবস্থা যাই হোক না কেন এই কোডের অধীনে আপনার সেবা পাওয়ার অধিকার রয়েছে। যাহোক, যদি অপরাধটি ইংল্যান্ড বা ওয়েলসে সংঘটিত হয়ে থাকে কিন্তু আপনি অন্য কোথাও থাকেন, তাহলে আপনি যেখানে থাকেন সেখানকার সহায়তা পরিষেবাগুলো অ্যাক্সেস করা উচিত। যদি আপনার ইংল্যান্ড বা ওয়েলসের আদালতে সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হয়, তাহলে আপনি ইংল্যান্ড বা ওয়েলসে থাকাকালীন এখানে সহায়তা পরিষেবাগুলো অ্যাক্সেস করতে সক্ষম হবেন।

শোকাহত পরিবারগুলো [পাদটীকা 7] বিদেশে খুন বা নরহত্যার কারণে

যুক্তরাজ্যের বাইরে সংঘটিত একজন ব্রিটিশ নাগরিক খুন বা নরহত্যার শিকার হলে শোকাহত পরিবারগুলোকে ফরেন, কমনওয়েলথ ও ডেভেলপমেন্ট অফিসের সাথে যোগাযোগ করতে হবে। তারা মৃত ব্যক্তিকে দেশে আনা সহ ঘটনাটি যে দেশে ঘটেছে সেখানকার প্রক্রিয়া সম্পর্কে সহায়তা এবং তথ্য সরবরাহ করে। তারা মৃত ব্যক্তির পরিবারকে বিশেষজ্ঞ সহায়তা পরিষেবার কাছে রেফার করতে সক্ষম হতে পারে। এ সম্পর্কিত আরও তথ্য 020 7008 5000 [পাদটীকা 8] নম্বরে ফোন করে পাওয়া যাবে অথবা এখানে: বিদেশে খুন বা নরহত্যার কারণে মৃত্যু

কোনো ব্রিটিশ নাগরিক বিদেশে খুন, নরহত্যা বা শিশুহত্যার শিকার হলে ইংল্যান্ড এবং ওয়েলসে পুলিশ ও করোনারদের ভূমিকা কী হবে তা স্পষ্ট করতে ফরেন, কমনওয়েলথ ও ডেভেলপমেন্ট অফিস এর সাথে একটি সমঝোতা স্মারক রয়েছে। সমঝোতা স্মারকটি মৃত ব্যক্তি এবং তাদের পরিবার উভয়ের প্রতি মনোযোগ প্রদান করে এবং ব্যাখ্যা করে যে কোন ধরনের সহায়তা পাওয়া যাবে।

আমি কীভাবে নিশ্চিত হতে পারি যে আমি সর্বোত্তম সেবা পাচ্ছি?

পরিষেবা প্রদানকারীরা আপনার মামলা চলাকালীন বিভিন্ন ব্যক্তির সাথে আপনার যোগাযোগের সংখ্যা কমিয়ে আনার চেষ্টা করবে এবং যেখানেই সম্ভব, তথ্যের জন্য আপনাকে যোগাযোগের করার একটি নির্দিষ্ট স্থান নির্ধারণ করবে। এই কোডের অধীনে আপনার অধিকার প্রদানে তাদেরকে সহায়তা করার জন্য, আপনার যা করা উচিত:

- আপনার সাথে যোগাযোগের ঠিকানা বা পছন্দ পরিবর্তন হলে তাদেরকে জানান
- আপনি যদি আপনার মামলা বা ফৌজদারি বিচার প্রক্রিয়া সম্পর্কিত কিছু সম্পর্কে অনিশ্চিত হন তবে তাদেরকে প্রশ্ন করুন এবং
- একটি উচ্চ-মানের ও আপনার প্রয়োজন অনুযায়ী সেবা প্রদানের লক্ষ্যে পরিষেবা প্রদানকারীদের প্রদত্ত সেবা সম্পর্কে আপনার মতামত দিন।

আমি এই কোডের অধীনে প্রদত্ত অধিকারগুলো পেতে না চাইলে কী হবে?

এই কোডের অধীনে প্রদত্ত আপনার কিছু বা সকল অধিকার সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীর সাথে এটি নিয়ে আপনার আলোচনা করা উচিত।

মামলাটি সক্রিয় তদন্তের অধীনে থাকা অবস্থায়, বা প্রসিকিউশনের অধীনে থাকা অবস্থায়, বা অপরাধী তাদের সাজা ভোগ করাকালীন অবস্থায় যে কোনো সময় এই কোডের অধীনে অধিকারগুলো পুনরায় পাওয়ার বিষয়টি বেছে নিতে পারেন। এটি সমস্যা কাটিয়ে উঠতে এবং অপরাধের কারণে একজন ভুক্তভোগী হিসাবে যতদূর সম্ভব সামলে ওঠার জন্য সহায়তা অ্যাক্সেস করার অধিকারের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

কাউকে অভিযুক্ত করা হয়েছে কিনা, ফৌজদারি অপরাধের কাউকে জন্য দোষী সাব্যস্ত করা হয়েছে কিনা এবং আপনি পুলিশকে অপরাধ রিপোর্ট করার সিদ্ধান্ত নিয়েছেন কিনা বা আপনি তদন্তে সহযোগিতা করতে চান বা না চান সর্বাবস্থায় এই অধিকারটি উপলব্ধ হবে।

সুরক্ষিত থাকার জন্য আপনার অধিকার

তদন্ত এবং কার্যধারা চলাকালীন এবং পরে পুনরায় শিকার হওয়া, ভয়ভীতি এবং প্রতিশোধ থেকে রক্ষা পাওয়ার অধিকার আপনার আছে। আপনি যদি আপনার তাৎক্ষণিক নিরাপত্তার জন্য উদ্বিগ্ন হন, তাহলে 999 নম্বরে পুলিশের সাথে যোগাযোগ করা উচিত।

সন্দেহভাজন (বিচারের আগে) বা অপরাধী (বিচার পরবর্তী) হেফাজত থেকে পালিয়ে গেলে, পুলিশ আপনার সাথে যোগাযোগ করবে। যদি মূল্যায়ন করে দেখা যায় যে সন্দেহভাজন বা অপরাধী আপনার ক্ষতি করার কোনো উল্লেখযোগ্য ঝুঁকি তৈরি করেছে, তবে তারা আপনার চলমান সুরক্ষা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

কারাগারে থাকা কোনো অপরাধী যদি আপনার সাথে অবাঞ্ছিত যোগাযোগ করেন তবে আপনার উচিত হবে হার ম্যাজেস্টি'স প্রিজন অ্যান্ড প্রোবেশন সার্ভিস ভিকটিম হেল্পলাইন [পাদটীকা 9] এর সাথে 0300 060 669910 নম্বরে যোগাযোগ করা অথবা ইমেইলে: victim.helpline@justice.gov.uk

আপনি যদি কমিউনিটিতে লাইসেন্স-এর অধীনে থাকা কোনো অপরাধীর কাছ থেকে অবাঞ্ছিত যোগাযোগ পান, তবে আপনি পুলিশের সাথে অথবা আপনার কোনো ভিকটিম লিয়াজোঁ অফিসার থাকলে তার সাথে যোগাযোগ করতে পারেন। অপরাধীর বয়স 18 বছরের কম হলে, যেকোন অবাঞ্ছিত যোগাযোগের ব্যাপারে আপনি পুলিশের কাছে রিপোর্ট করতে পারেন, তবে আপনি যদি জানেন যে তারা কোনো ইয়ুথ অফেন্ডিং টিমের তত্ত্বাবধানে রয়েছে, তাহলে আপনি চাইলে সরাসরি তাদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন। ইয়ুথ অফেন্ডিং টিমের সাথে যোগাযোগের বিশদ বিবরণ এখানে পাওয়া যাবে: www.gov.uk/government/collections/youth-offending-team-contact-details

এই কোডের অধীনে দেওয়া তথ্যসমূহ

পরিষেবা প্রদানকারীদের অবশ্যই তাদের ওয়েবসাইটে এই কোড সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। ভুক্তভোগীদেরকে এই ওয়েবসাইটের প্রাসঙ্গিক পৃষ্ঠাগুলোর ব্যাপারে জানাতে হবে: GOV.UK

এই কোডের অধীনে তথ্য শেয়ার করার প্রয়োজন হলে, পরিষেবা প্রদানকারীদের অবশ্যই কার্যকরভাবে এবং ডেটা প্রটেকশন অ্যাক্ট এবং জেনারেল ডেটা প্রটেকশন রেগুলেশন 2018 এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের অধীনে তাদের বাধ্যবাধকতা অনুসারে তা করতে হবে।

যেখানে কোনো মামলায় অনেক বেশি সংখ্যক ভুক্তভোগী জড়িত থাকে, যেমন বড় আকারের কোনো বিনিয়োগ জালিয়াতির কারণে একাধিক বিনিয়োগকারী ক্ষতিগ্রস্ত হলে, অথবা অন্যান্য ব্যতিক্রমী ক্ষেত্রে, পরিষেবা প্রদানকারীগন তথ্য দেওয়ার জন্য প্রত্যেক ভুক্তভোগীর সাথে পৃথকভাবে যোগাযোগ করার পরিবর্তে, কোনো বিকল্প চ্যানেল, যেমন তাদের ওয়বসাইটের মাধ্যমে তথ্য [পাদটীকা 10] প্রদান করতে পারেন যে এই কোডের অধীনে ভুক্তভোগীদের অধিকার রয়েছে।

এই কোডের অধীনে একজন পরিষেবা প্রদানকারী কর্তৃক ভুক্তভোগীকে তথ্য প্রদান করার প্রয়োজন নেই যদি দেখা যায় এগুলো প্রকাশ করলে:

- যে কোনো ব্যক্তির ক্ষতি হতে পারে
- কোনো ফৌজদারি তদন্ত বা প্রসিকিউশনের সঠিক পরিচালনাকে প্রভাবিত করতে পারে, অথবা কোনো দেওয়ানী বা ফৌজদারি মামলা, বা প্যারোল প্রক্রিয়াকে পক্ষপাতদুষ্ট করে দিতে পারে, অথবা
- পরিষেবা প্রদানকারীর দৃষ্টিতে, জাতীয় নিরাপত্তার স্বার্থের পরিপন্থী হবে।

মিডিয়া আমার সাথে যোগাযোগ করলে কী হবে?

সাধারণত, সাংবাদিকরা আদালতে ঘটে যাওয়া ঘটনাগুলোতে উপস্থিত থাকতে পারেন এবং রিপোর্ট করতে পারেন। মিডিয়া কখনও কখনও কোনো মামলার ব্যাপারে আগ্রহী হতে পারে এবং মন্তব্যের জন্য আপনার এবং/অথবা আপনার পরিবারের কাছে যেতে পারে। তাদের সঙ্গে কথা বলার কোনো বাধ্যবাধকতা নেই। যাইহোক, আপনাকে সতর্ক থাকবে হবে যেন আদালতে মামলার ফলাফলকে অন্যায়ভাবে প্রভাবিত করতে পারে এবং আদালত অবমাননার ঝুঁকি তৈরি হতে পারে এমন কিছু করবেন না। [পাদটীকা 11]

আপনার যদি কোন উদ্বেগ থাকে বা কোনো পরামর্শ চান, তবে আপনি পুলিশ অথবা ভুক্তভোগীকে সহায়তা প্রদানকারীর সাথে কথা বলতে পারেন। বিকল্প হিসাবে, আপনি ইন্ডিপেন্ডেন্ট প্রেস স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন-এর সাথে যোগাযোগ করতে পারেন, তারা আপনার উদ্বেগের বিষয়ে আপনার সাথে কথা বলবে এবং বাস্তব পরামর্শ এবং নির্দেশনা দেবে।

চিকিৎসা সহায়তার অ্যাক্সেস করা

আপনি যদি অপরাধের শিকার হন এবং ফলস্বরূপ আপনার শারীরিক বা মানসিক স্বাস্থ্য সেবার প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনি জাতীয় স্বাস্থ্য পরিষেবার সেবাগুলো অ্যাক্সেস করতে পারেন। এই পরিষেবাগুলো অ্যাক্সেস করার জন্য আপনাকে পুলিশের কাছে কোনও অপরাধের রিপোর্ট করার দরকার নেই।

যদি কেউ গুরুতর অসুস্থ বা আহত হয় এবং তাদের জীবন ঝুঁকিতে থাকে, তাহলে জরুরি পরিষেবাগুলোতে কল করুন: 999 নম্বরে। যদি এটি জীবনের জন্য হুমকির মতো জরুরী না হয় তবে আপনার জন্য বেশ কয়েকটি বিকল্প রয়েছে। আপনি যা করবেন:

- 111 নম্বরে (ন্যাশনাল হেলথ সার্ভিস ইংল্যান্ড) অথবা 0845 46 47 নম্বরে (ন্যাশনাল হেলথ সার্ভিস ওয়েলস) নন-ইমার্জেন্সি মেডিকেল হেল্পলাইনে ফোন করুন;
- আপনার স্থানীয় ন্যাশনাল হেলথ সার্ভিস ওয়াক-ইন সেন্টার বা স্থানীয় জরুরী পরিচর্যা কেন্দ্র/মাইনর ইনজুরি ইউনিট অথবা আপনার স্থানীয় অ্যাকসিডেন্ট অ্যান্ড ইমার্জেন্সি (A&E) পরিষেবা বিভাগে যান;
- আপনার জিপির সাথে দেখা করুন অথবা ফোন করুন, যিনি আপনাকে মানসিক স্বাস্থ্য সহায়তা সহ বিশেষজ্ঞ পরিষেবাগুলোতে রেফার করতে পারেন; বা
- একজন ফার্মাসিস্টের সাথে কথা বলুন।

ন্যাশনাল হেলথ সার্ভিস পরিষেবা সম্পর্কে আরও তথ্য www.nhs.uk বা www.wales.nhs.uk-এ, অথবা 111/0845 46 47 (ইংল্যান্ড/ওয়েলস) নম্বরে ফোন করে অথবা আপনার জেনারেল প্র্যাকটিশনারের (জিপি) কাছে গেলে পাওয়া যাবে।

পুলিশ কর্তৃক রেফার করার পাশাপাশি, আপনি নিজেও নিজেকে একটি যৌন নিপীড়ন রেফারাল সেন্টারে রেফার করতে পারেন [পাদটীকা 12]। এই কেন্দ্রগুলোতে বিশেষভাবে প্রশিক্ষিত পেশাদার ব্যক্তিগণ রয়েছেন যারা আপনাকে শারীরিক এবং মানসিক উভয় প্রকার স্বাস্থ্য সহায়তা দিতে পারেন যদি আপনি ধর্ষণ বা যৌন নিপীড়নের শিকার হয়ে থাকেন, আপনি পুলিশের কাছে অপরাধটি রিপোর্ট করতে চান বা না চান উভয় ক্ষেত্রে।

আপনি বিস্তৃত মনোবৈজ্ঞানিক এবং মানসিক কাউন্সেলিং এবং থেরাপিউটিক পদ্ধতির একটি বিস্তৃত পরিসরে অ্যাক্সেস করতে পারেন যা বিভিন্ন সংস্থার মাধ্যমে প্রদান করা হয়, যেমন, জাতীয় স্বাস্থ্য পরিষেবা (এনএইচএস), স্বেচ্ছাসেবী খাতের সংস্থাসমূহ এবং প্রাইভেট প্র্যাকটিস বা বেসরকারি চিকিৎসা সেবাকেন্দ্র। আপনি যদি সাধারণত ইউনাইটেড কিংডমের বাসিন্দা না হন, তবে আপনার মনে রাখা উচিত যে কিছু স্বাস্থ্য পরিষেবা বিনামূল্যে পাওয়া যায়, যেমন প্রাথমিক যত্ন পরিষেবা; নির্যাতন, নারীর যৌনঙ্গের অঙ্গহানি, গার্হস্থ্য সহিংসতা, যৌন সহিংসতা বা আপনি যদি আধুনিক দাসত্ব বা মানব পাচারের শিকার হয়ে থাকেন তাহলে শারীরিক বা মানসিক অবস্থার চিকিৎসার জন্য সেবা। এ সম্পর্কিত আরও বিশদ বিবরণ এখানে পাওয়া যাবে: www.gov.uk/guidance/nhs-entitlements-migrant-health-guide

করোনার

করোনারগণ এই কোডের অধীনে পরিষেবা প্রদানকারী হিসাবে অন্তর্ভুক্ত নয়। এর কারণ হচ্ছে অস্বাভাবিক মৃত্যুর কারণ অনুসন্ধান ফৌজদারি কার্যবিধির অংশ নয় এবং শোকাহত পরিবারের সদস্যদের ইতিমধ্যেই তদন্তে আগ্রহী ব্যক্তির মর্যাদা রয়েছে যা তাদেরকে নির্দিষ্ট বিধিবদ্ধ অধিকার প্রদান করে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সাক্ষীদেরকে প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা করার অধিকার এবং নথি এবং অন্যান্য প্রমাণ প্রকাশ করার অধিকার। অপরাধের শিকার হওয়া ব্যক্তির শোকসন্তপ্ত পরিবারের সদস্য যারা তদন্তে জড়িত হয়েছেন তাদের জন্য শোকাহত ব্যক্তিদের জন্য করোনারের তদন্ত সংক্রান্ত দিকনির্দেশনাটি দেখা উচিত যা এখানে পাওয়া যাবে: www.gov.uk/government/publications/guide-to-coroner-services-andcoroner-investigations-a-short-guide

এই কোডের অধীনে অধিকারসমূহ পূরণের দায়িত্ব কার?

এই কোডের অধীনে আপনার অধিকারসমূহ পূরণের দায়িত্ব নিম্নলিখিত সংস্থাগুলোর:

- পুলিশ এবং ক্রাইম কমিশনারগণ
- ইংল্যান্ড এবং ওয়েলসের সকল পুলিশ বাহিনী, ব্রিটিশ ট্রান্সপোর্ট পুলিশ এবং মিনিস্ট্রি অফ ডিফেন্স পুলিশ
- পুলিশের উইটনেস কেয়ার ইউনিট [পাদটীকা 13]
- দি ক্রাউন প্রসিকিউশন সার্ভিস
- হার ম্যাজেস্টিজ কোর্টস অ্যান্ড ট্রাইব্যুনালস সার্ভিস
- হার ম্যাজেস্টিজ প্রিজন অ্যান্ড প্রবেশন সার্ভিস
- দি ন্যাশনাল প্রবেশন সার্ভিস
- দি প্যারোল বোর্ড অব ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস
- দি ক্রিমিনাল কেইসেস রিভিউ কমিশন
- দি ক্রিমিনাল ইনজুরিস কম্পেনসেশন অথরিটি
- দি ইউকে সুপ্রিম কোর্ট
- ইয়ুথ অফেন্ডিং টিমস

এই কোডের অধীনে কিছু ভুক্তভোগী উপরে তালিকাভুক্ত পরিষেবা প্রদানকারী এবং অন্যান্য পরিষেবা প্রদানকারীর সমন্বয়ের মাধ্যমে তাদের অধিকার পাবেন, যার মধ্যে রয়েছে:

- দি কম্পিটিশন অ্যান্ড মার্কেটস অথরিটি
- ডিপার্টমেন্ট ফর বিজনেস, এনার্জি অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল স্ট্র্যাটেজি (ক্রিমিনাল এনফোর্সমেন্ট)
- দি এনভায়নরমেন্ট এজেন্সি

- দি ফিনান্সিয়াল কন্ডাক্ট অথরিটি
- দি গ্যাম্বলিং কমিশন
- দি হেলথ অ্যান্ড সেফটি এক্সিকিউটিভ
- হার ম্যাজেস্টিজ রেভিনিউ অ্যান্ড কাস্টমস
- হোম অফিস (ইমিগ্রেশন এনফোর্সমেন্ট)
- ইনফরমেশন কমিশনারের অফিস
- ইন্ডিপেন্ডেন্ট অফিস ফর পুলিশ কন্ডাক্ট
- দি ন্যাশনাল ক্রাইম এজেন্সি
- দি ন্যাশনাল হেলথ সার্ভিস
- ন্যাচারাল রিসোর্স ওয়েলস
- দি অফিস অব রেল অ্যান্ড রোড
- দি সিরিয়াস ফ্রড অফিস

অপরাধের তদন্ত এবং/অথবা বিচারের ক্ষেত্রে অন্যান্য পরিষেবা প্রদানকারীদেরও ভূমিকা থাকতে পারে। [পাদটীকা 14] অবশ্য, পুলিশ এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস যেমন অপরাধের তদন্ত এবং বিচার করার জন্য একটি বিস্তৃত পরিসরে কাজ করে পক্ষান্তরে এই পরিষেবা প্রদানকারীদের কাজ নির্দিষ্ট পরিস্থিতিতে সংঘটিত নির্দিষ্ট ধরণের অপরাধের তদন্ত এবং বিচারের মধ্যে সীমাবদ্ধ। এটি নির্ধারণ করবে কোন উপায়ে, এবং কত ঘন ঘন তারা ভুক্তভোগীদের সংস্পর্শে আসবে।

এই কোডের অধিকারগুলো শুধুমাত্র তখনই প্রযোজ্য যখন অন্যান্য পরিষেবা প্রদানকারীরা (যেমন উপরে তালিকাভুক্ত করা হয়েছে) কোনো ফৌজদারি তদন্ত পরিচালনা বা বিচার করার সিদ্ধান্ত নেওয়ার আনুষ্ঠানিক দায়িত্ব গ্রহণ করে। অবশ্য, অন্যান্য পরিষেবা প্রদানকারীর দ্বারা গৃহীত সকল কার্যাবলী পুলিশ এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস দ্বারা সম্পাদিত কাজগুলোর অনুরূপ। যেহেতু এই কোডের অধীনে কোনো পরিষেবা প্রদানকারীর কার্যাবলী একই ধরনের (উদাহরণস্বরূপ অন্যান্য পরিষেবা প্রদানকারী কোনো অভিযুক্ত অপরাধের তদন্ত বা বিচার করছে), তাই উপরের তালিকায় অন্তর্ভুক্ত থাকুক বা না থাকুক, অন্যান্য পরিষেবা প্রদানকারীদেরকেও অবশ্যই কোনো অন্যায্য বিলম্ব ছাড়া একই অধিকার প্রদান করতে হবে।

পুলিশ ও ক্রাইম কমিশনারদের ভূমিকা

পুলিশ এবং ক্রাইম কমিশনারগণ দক্ষ এবং কার্যকর পুলিশিং সুরক্ষিত করার জন্য স্থানীয়ভাবে নির্বাচিত হন। তাদের এলাকায় পুলিশিং অগ্রাধিকার নির্ধারণের ক্ষেত্রে ভুক্তভোগীদের সাথে আলোচনা করা এবং তাদের এলাকায় পুলিশের প্রধান কনস্টেবলকে জবাবদিহি করতে তাদের আইনি দায়িত্ব রয়েছে। এই কোডে উল্লেখিত ভুক্তভোগীদের সহায়তা করে এমন অনেক পরিষেবা চালু করার জন্য তারা দায়িত্বপ্রাপ্ত।

ভিকটিমস অ্যান্ড উইটনেসেস কমিশনারের ভূমিকা (ভিকটিমস কমিশনার)

ভিকটিমস কমিশনার এই কোডের অধীনে একজন পরিষেবা প্রদানকারী হিসাবে তালিকাভুক্ত নয়। এর কারণ হচ্ছে সংশ্লিষ্ট কমিশনারের একটি বিধিবদ্ধ দায়িত্ব হচ্ছে এই কোডটি নিয়মিতভাবে পর্যালোচনার অধীনে রাখা। কমিশনারের ভূমিকার অংশ হচ্ছে ভুক্তভোগীদের মতামত শোনা, ভুক্তভোগীদের দৃষ্টিকোণ থেকে ফৌজদারি বিচার ব্যবস্থা সম্বন্ধে তাদের উপলব্ধি সম্পর্কে জানা এবং উপলব্ধ পরিষেবা এবং সহায়তার উন্নতিতে সাহায্য করার চেষ্টা করা। ভিকটিমস কমিশনার পৃথক পৃথক মামলার ব্যাপারে সাহায্য করতে পারেন না বা ফৌজদারি বিচারিক সংস্থাকে ভিন্ন কোনো সিদ্ধান্ত নিতে চ্যালেঞ্জ করতে পারেন না।

বর্ধিত অধিকার

এই কোড স্বীকার করে যে যেসব ভুক্তভোগী অরক্ষিত অথবা যাদেরকে ভয় দেখানো হয়েছে, যারা গুরুতর অপরাধের শিকার হয়েছেন (কোনো শোকাহত নিকটাত্মীয় সহ), অথবা যাদেরকে ক্রমাগতভাবে লক্ষ্য বানানো হচ্ছে, তাদের জন্য বিশেষ সহায়তার প্রয়োজন হওয়ার সম্ভাবনা বেশি থাকে (কোনো কোনো ভুক্তভোগী এই শ্রেণিবিভাগের এক বা একাধিক বিভাগে পড়তে পারেন)। এই ধরনের সহায়তার মধ্যে থাকতে পারে বিশেষজ্ঞ সহায়তা পরিষেবার কাছে রেফারেল পাঠানো, গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার পরে দ্রুত যোগাযোগ করা এবং বিশেষ ব্যবস্থায় অ্যাক্সেস থাকা (অধিকার 4 দেখুন)। এই কোডটি প্রত্যেকটি অধিকারের মধ্যে গুরুত্ব আরোপ করে যেখানে এরূপ বর্দ্ধিত অধিকারসমূহ প্রযোজ্য।

কোনো পরিষেবা প্রদানকারী যদি সনাক্ত করেন যে আপনি বর্দ্ধিত অধিকার পাওয়ার যোগ্য, তখন তাদেরকে এই কোডের অধীনে দায়িত্বপ্রাপ্ত অন্যান্য পরিষেবা প্রদানকারীদেরকে, এবং প্রযোজ্য হলে, ভুক্তভোগীদেরকে সহায়তা প্রদানকারী পরিষেবাকে এই তথ্যগুলো জানানোর বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে।

আপনি যদি উপরে বর্ণিত শ্রেণীবিভাগের মধ্যে না পড়েন, সেক্ষেত্রে কোনো পরিষেবা প্রদানকারী আপনার পরিস্থিতি বা অপরাধের প্রভাবের উপর নির্ভর করে কিছু নির্দিষ্ট বর্ধিত অধিকারগুলোতে অ্যাক্সেস প্রদানের সিদ্ধান্ত নিতে পারেন।

অরক্ষিত বা ভয় পাওয়া ভুক্তভোগীগণ

আপনি এই কোডের অধীনে একজন অরক্ষিত [পাদটীকা 15] ভুক্তভোগী হিসাবে বর্ধিত অধিকারের জন্য যোগ্য হবেন যদি:

- অপরাধ সংঘটিত হওয়ার সময় আপনার বয়স 18 বছরের কম হয়, [পাদটীকা 16] অথবা

- আপনার দেওয়া প্রমাণের গুণমান প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে কারণ আপনি
    - মেন্টাল হেলথ অ্যাক্ট 1983 এর সংজ্ঞা অনুযায়ী মানসিক ব্যাধিতে ভুগছেন
    - শারীরিক অক্ষমতা আছে বা শারীরিক ব্যাধিতে ভুগছেন।

যদি পরিষেবা প্রদানকারী মনে করেন যে আদালতে সাক্ষ্য দেওয়ার ব্যাপারে আপনার ভয়ের কারণে আপনার দেওয়া প্রমাণের গুণমান প্রভাবিত হবে তাহলে আপনি এই কোডের অধীনে ভীতসন্ত্রস্ত ভুক্তভোগী হিসাবে বর্দ্ধিত অধিকারের জন্যও যোগ্য হবেন। [পাদটীকা 17]

কোনো ভুক্তভোগীকে ভয় দেখানো হয়েছে কিনা তা মূল্যায়ন করার সময়, পরিষেবা প্রদানকারীকে অবশ্যই নিচের বিষয়গুলো বিবেচনা করতে হবে:

- ভুক্তভোগী, অথবা তাদের পরিবারের সদস্য বা সহযোগী, অথবা অন্য কোনো ব্যক্তি যিনি এই মামলায় সন্দেহভাজন বা সাক্ষী হতে পারেন, তাদের প্রতি সন্দেহভাজন ব্যক্তির আচরণ
- ভুক্তভোগীর বয়স
- প্রাসঙ্গিক হলে, ভুক্তভোগীর সামাজিক ও সাংস্কৃতিক পটভূমি, ধর্মীয় বিশ্বাস বা রাজনৈতিক মতামত, জাতিগত উৎস, পারিবারিক এবং কর্মসংস্থান পরিস্থিতি
- এই মামলাটির সাথে সম্পর্কিত অপরাধের প্রকৃতি এবং অভিযুক্ত করার পরিস্থিতি (যৌন অপরাধ বা মানব পাচারের অপরাধের ভুক্তভোগীকে ভয় দেখানো হয়েছে বলে বিবেচিত হবে), এবং
- ভুক্তভোগী কর্তৃক প্রকাশ করা যেকোনো মতামত।

সবচেয়ে গুরুতর অপরাধের ভুক্তভোগীগণ

এই কোডের অধীনে আপনি সবচেয়ে গুরুতর অপরাধের শিকার হিসাবে বর্ধিত অধিকারের জন্য যোগ্য হবেন, যদি আপনি কোনও ফৌজদারি অপরাধের কারণে শোকাহত নিকটাত্মীয় হন, অথবা আপনি নিম্নোক্ত অপরাধের শিকার হয়ে থাকেন যেমন গার্হস্থ্য নির্যাতন, ঘৃণামূলক অপরাধ, সন্ত্রাসবাদ, যৌন অপরাধ, মানব পাচার, আধুনিক দাসত্ব, হত্যার চেষ্টা, অপহরণ, মিথ্যা কারাদণ্ড, জীবন বিপন্ন করার অভিপ্রায়ে অগ্নিসংযোগ এবং ইচ্ছাকৃতভাবে আহত করা বা গুরুতর শারীরিক ক্ষতি ঘটানো।

শোকাহত নিকটাত্মীয়দের জন্য উপলব্ধ অতিরিক্ত বর্দ্ধিত অধিকারগুলো এই কোডের প্রতিটি স্বতন্ত্র অধিকারের মধ্যে আলাদাভাবে হাইলাইট করা হয়েছে।

ক্রমাগতভাবে লক্ষ্যবস্তু হওয়া ভুক্তভোগী

আপনি যদি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে অপরাধের সরাসরি শিকার হিসাবে বারবার লক্ষ্যবস্তু হয়ে থাকেন, বিশেষ করে যদি আপনাকে ইচ্ছাকৃতভাবে লক্ষ্যবস্তু বানানো হয় অথবা আপনি যদি হয়রানির প্রচারণা অথবা স্টকিং এর শিকার হন তাহলে আপনি এই কোডের অধীনে বর্ধিত অধিকারের জন্য যোগ্য হবেন।

অধিকার 1: বুঝতে সক্ষম হওয়া এবং নিজেকে বুঝাতে পারা

1.1 কী ঘটছে তা বুঝতে এবং বোঝার জন্য সহায়তা পাওয়ার অধিকার আপনার রয়েছে। উপযুক্ত ব্যবস্থাসমূহ বিবেচনা করার সময়, পরিষেবা প্রদানকারীদের অবশ্যই প্রাসঙ্গিক ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলো বিবেচনা করতে হবে যা আপনার বোঝার এবং বোঝানোর ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। সকল পরিষেবা প্রদানকারীকে অবশ্যই সহজ এবং অ্যাক্সেসযোগ্য ভাষায় যোগাযোগ করতে হবে এবং ভুক্তভোগীকে সকল ভাষান্তর বা অনুবাদ পরিষেবা অবশ্যই বিনামূল্যে প্রদান করতে হবে।

1.2 অপরাধের প্রভাবের কারণে যদি আপনার বুঝতে বা নিজেকে বুঝাতে সহাহয়তার প্রয়োজন হয় তবে আপনার পছন্দের কোনো ব্যক্তির মাধ্যমে আপনাকে সহায়তা করা যেতে পারে, যদি না পরিষেবা প্রদানকারী মনে করেন যে এটি আপনার সর্বোত্তম স্বার্থের অনুকূলে হবে না অথবা এটি তদন্ত অথবা প্রসিকিউশনকে প্রভাবিত করতে পারে। এরূপ ক্ষেত্রে, পরিষেবা প্রদানকারী আপনাকে বলবেন কেন এটি করা যাচ্ছে না।

1.3 যদি আপনার ইংরেজি বুঝতে বা বলতে অসুবিধা হয়, তাহলে আপনাকে বুঝতে সাহায্য করার জন্য একজন ইন্টারপ্রিটার [পাদটীকা 18] ব্যবহারের অধিকার আপনার রয়েছে, যখন:

- কোনো ফৌজদারি অপরাধের রিপোর্ট করছেন [পাদটীকা 19]
- পুলিশ আপনার ইন্টারভিউ করছে
- একজন সাক্ষী হিসাবে সাক্ষ্য দিচ্ছেন

1.4 আপনি যেকোনো নথির অনুবাদও পেতে পারেন যদি ইন্টারভিউ বা আদালতের কার্যক্রমের উদ্দেশ্যে আপনাকে দেওয়া কোনো নথি পড়ার জন্য এটি অপরিহার্য হয়, যার মধ্যে রয়েছে:

- রিপোর্ট করা অপরাধের লিখিত প্রাপ্তিস্বীকার
- যদি ইন্টারভিউ বা আদালতে শুনানির উদ্দেশ্যে আপনার কাছে প্রকাশ করা কোনো নির্দিষ্ট নথি, অথবা কোনো নথির প্রাসঙ্গিক অংশগুলোর একটি অনুলিপি দেখা অপরিহার্য হিসাবে বিবেচিত হয়।
- বিচারের তারিখ, সময় এবং স্থান সম্পর্কে আপনাকে অবহিত করে কোনো চিঠি
- ফৌজদারি কার্যধারার ফলাফল এবং যেখানে সম্ভব, গৃহীত সিদ্ধান্তের কারণসমূহ

- ভিকটিমস রাইট টু রিভিউ স্কিমের অধীনে করা কোনো অভিযোগ বা অনুরোধের প্রতিক্রিয়া। [পাদটীকা 20]

1.5 আপনি উপরে তালিকাভুক্ত যেকোনও নথির মৌখিক অনুবাদ বা সারসংক্ষেপও পেতে পারেন, যদি তা করলে করলে মামলার কার্যধারার ন্যায্যতা বিঘ্নিত না হয়।

1.6 ওয়েলসে শোনা মামলার জন্য, সাক্ষ্য দেওয়ার সময় আপনার ওয়েলশ ভাষা ব্যবহার করার আইনি অধিকার রয়েছে এবং আদালত এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। [পাদটীকা 22] এছাড়াও অপরাধীর অবস্থান যেকোনো স্থানে হোক না কেন, প্যারোল বোর্ডের কাছে ওয়েলশ ভাষায় ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি প্রদানের ও প্যারোল বোর্ডের সিদ্ধান্তের সারসংক্ষেপ ওয়েলশ ভাষায় পাওয়ার জন্য বলার অধিকার আপনার রয়েছে।

অধিকার 2: অযৌক্তিক কোনো বিলম্ব ছাড়া রেকর্ডকৃত অপরাধের বিবরণ পাওয়া

2.1 ঘটনার পরে অযৌক্তিক বিলম্ব না করে পুলিশ কর্তৃক রেকর্ডকৃত অপরাধের বিবরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যখন কোনো ঘটনার রিপোর্ট করবেন, তখন আপনাকে অপরাধ সম্পর্কে বিশদ বিবরণ দিতে বলা হবে।

2.2 যদি আপনাকে একটি সাক্ষীর বিবৃতি দিতে বলা হয়, তাহলে পুলিশ আপনাকে ব্যাখ্যা করবে যে, এর ফলে মামলাটি যদি আদালতে যায় তবে আপনাকে আদালতে গিয়ে সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হতে পারে।

2.3 যদি আপনাকে ইন্টারভিউ দিতে বলা হয়, তাহলে যেকোন ইন্টারভিউ অযৌক্তিক বিলম্ব ছাড়াই নেওয়া উচিত, এবং ইন্টারভিউর সংখ্যা ন্যূনতম রাখা এবং যেখানে সম্ভব একই ব্যক্তির দ্বারা পরিচালিত হওয়া উচিত। সন্দেহভাজন ব্যক্তি যাতে আপনার (এবং আপনার পরিবার) সাথে অপ্রয়োজনীয় যোগাযোগ না করেন তা নিশ্চিত করার জন্য পুলিশকে প্রয়োজনীয় যেকোনো পদক্ষেপ নিতে হবে।

2.4 পুলিশকে অবশ্যই বিবেচনা করতে হবে যে আপনি অতিরিক্ত সহায়তা থেকে উপকৃত হবেন কিনা, যেমন, একজন ইন্টারপ্রিটারের সহায়তা নেওয়া, এবং যেকোনো ইন্টারভিউ এই কাজে প্রশিক্ষিত পেশাদারগণ কর্তৃক বা তাদের মাধ্যমে পরিচালিত হতে হবে। তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে ইন্টারভিউটি এই কাজের জন্য ডিজাইন করা বা অভিযোজিত প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। যদি এটি সম্ভব না হয় তবে পুলিশ আপনাকে বলবে কেন নয়।

2.5 ইন্টারভিউতে আপনার পছন্দের কোনো ব্যক্তিকে সাথে আনার জন্য অনুরোধ করারও অধিকার আপনার রয়েছে। যদি এটি সম্ভব না হয় তবে পুলিশ আপনাকে বলবে কেন নয়।

2.6 যদি পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস মনে করে যে অরক্ষিত (ভালনারেবল) থাকার ফলে, আপনার দেওয়া প্রমাণের গুণমান দুর্বল হওয়ার কারণে তা প্রতিকূলভাবে প্রভাবিত করতে পারে, সেক্ষেত্রে তাদের অবশ্যই বিবেচনা করতে হবে যে আপনি একজন নিবন্ধিত মধ্যস্থতাকারীর (অধিকার 4 দেখুন) সহায়তা পাওয়ার যোগ্য কিনা এবং আপনার প্রয়োজনের ভিত্তিতে অন্য যেকোনো যুক্তিসঙ্গত সমন্বয় করবেন।

নিবন্ধিত মধ্যস্থতাকারী কী?

একজন নিবন্ধিত মধ্যস্থতাকারী হলেন একজন স্ব-নিযুক্ত যোগাযোগ বিশেষজ্ঞ যিনি অরক্ষিত ভুক্তভোগী এবং সাক্ষীদের যোগাযোগের সমস্যার কারণে পুলিশের কাছে প্রমাণ দেওয়ার সময় ও আদালতে ফৌজদারি বিচারে সাক্ষ্য দেওয়ার তাদেরকে সাহায্য করেন।

কোনো ভুক্তভোগী/সাক্ষীর বিভিন্ন কারণে একজন নিবন্ধিত মধ্যস্থতাকারীর সাহায্যের প্রয়োজন হতে পারে, যেমন তাদের বয়স, শেখার অক্ষমতা (লার্নিং ডিজেবিলিটি), কোনো মানসিক ব্যাধি অথবা কোনো শারীরিক অক্ষমতা যা তাদের যোগাযোগ করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। এগুলো প্রায়শই একজন সাক্ষীর সাক্ষ্য দিতে সক্ষম হওয়া বা না হওয়ার মধ্যে পার্থক্য তৈরি করে।

2.7 যদি ফৌজদারি কার্যধারার উদ্দেশ্যে কোনো মেডিকেল পরীক্ষার প্রয়োজন হয়, তবে এগুলো অবশ্যই ন্যূনতম সংখ্যায় রাখা উচিত এবং আপনার সম্মতি সাপেক্ষে হতে হবে।

2.8 আপনি যদি যৌন সহিংসতা, লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বা গার্হস্থ্য নির্যাতনের শিকার হন তবে ইন্টারভিউ পরিচালনাকারী পুলিশ অফিসার আপনার পছন্দের লিঙ্গের হওয়ার জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। পুলিশ অবশ্যই আপনার অনুরোধ পূরণ করবে যদি তা করলে বিচারের ন্যায্যতা বিঘ্নিত না হয়। যদি এমনটি হয়, তবে পুলিশ আপনাকে বলবে কেন হয়েছে।

2.9 আপনি যদি অরক্ষিত (ভালনারেবল) হিসাবে বিবেচিত হন, যেমন 18 বছরের কম বয়সী বা আপনাকে ভয় দেখানো হয়ে থাকে (দেখুন বর্দ্ধিত অধিকার), সেক্ষেত্রে পুলিশ আপনাকে অথবা আপনার পিতামাতা/অভিভাবককে জিজ্ঞাসা করবে আপনার পুলিশ ইন্টাভিউটি ভিডিও রেকর্ড করতে চান কিনা যাতে কী ঘটেছে তাদেরকে বলতে আপনার জন্য সহজ হয়। এটি আদালতে আপনার দেওয়া প্রমাণ হিসাবে উপস্থাপন করা হতে পারে। এছাড়াও আপনি আপনার আদালতের জেরার প্রমাণগুলো বিচারের আগেই কোনো এক সময়ে আলাদাভাবে রেকর্ড করাতে সক্ষম হতে পারেন। পুলিশ আপনার সাথে এই বিকল্প নিয়ে আলোচনা করবে। আপনি যদি বিচার চলাকালে আপনার সাক্ষ্য দিতে চান, এবং আপনি যোগ্য হলে, আদালত আপনাকে লাইভ-লিংক এর মাধ্যমে আদালত থেকে দূরবর্তী কোনো স্থান থেকে আপনার সাক্ষ্য দেওয়া বা আপনাকে জেরা করার অনুমতি প্রদান করতে পারে, যাতে আসামীর সাথে আপনার দেখা হওয়ার ঝুঁকি কমানো যায়। তবে, আপনি যদি চান, আপনি আদালতে আপনার সাক্ষ্য দিতে পারেন। প্রসিকিউটরগণ কর্তৃক সাক্ষীদেরকে অবহিত করতে হবে যে তারা কীভাবে সাক্ষ্য দিতে চাইবেন সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন, এ জন্য আদালতে একটি আবেদন করতে হবে এবং একজন বিচারক চুড়ান্ত নেবেন।

অধিকার 3: অপরাধ রিপোর্ট করার সময় তথ্য পাওয়া

3.1 আপনি যদি পুলিশের কাছে একটি অপরাধের রিপোর্ট করেন বা আপনার পক্ষে কোনো অভিযোগের রিপোর্ট করা হয়, অথবা তদন্ত চলাকালীন একজন ভুক্তভোগী হিসাবে আপনার সাথে যোগাযোগ করা হয়, সেক্ষেত্রে আপনার অভিযোগের লিখিত নিশ্চিতকরণ পাওয়ার অধিকার আপনার রয়েছে। এতে অপরাধের প্রাথমিক বিবরণ, অপরাধের একটি রেফারেন্স নম্বর এবং আপনার মামলাটি নিয়ে যিনি কাজ করছেন সেই পুলিশ অফিসারের সাথে যোগাযোগ করার বিবরণ অন্তর্ভুক্ত থাকবে। এই নিশ্চিতকরণটি একটি চিঠি, ইমেইল, টেক্সট ম্যাসেজ মারফত অথবা হাতে লেখা হতে পারে।

3.2 পুলিশ যদি মনে করে যে লিখিত নিশ্চিতকরণ পাঠানো হলে আপনার ক্ষতি হওয়ার ঝুঁকি থাকতে পারে, যেমন গার্হস্থ্য নির্যাতনের ক্ষেত্রে, তবে তাদেরকে অবশ্যই এমনভাবে নিশ্চিতকরণ প্রদান করতে হবে যাতে আপনার নিরাপত্তার ঝুঁকি না থাকে।

3.3 পুলিশ আপনাকে ব্যাখ্যা করবে ফৌজদারি বিচার প্রক্রিয়া এবং একজন ভুক্তভোগী হিসাবে আপনার অধিকার সম্পর্কে আরও তথ্য আপনি কোথায় পেতে পারেন। এতে অন্তর্ভুক্ত থাকবে কোথায় এবং কীভাবে পরামর্শ এবং সহায়তা পাওয়া যেতে পারে। উদাহরণস্বরূপ, যথাযথ এবং উপলব্ধ হলে, কীভাবে ক্ষতিপূরণ চাইতে হবে (অধিকার 5 দেখুন) চিকিৎসা সহায়তায় অ্যাক্সেস, বিশেষজ্ঞ সহায়তা, যেমন মনস্তাত্ত্বিক সহায়তা (প্রি-ট্রায়াল থেরাপি এবং কাউন্সেলিং সহ), এবং বিকল্প বাসস্থান সম্পর্কে। আপনি ইংল্যান্ড এবং ওয়েলসে বসবাস না করলে কী ব্যবস্থা নেওয়া হবে তাও পুলিশ ব্যাখ্যা করবে।

নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা

আপনি যদি গার্হস্থ্য নির্যাতনের সম্মুখীন হন তবে এমন অনেক সংস্থা আছে যারা কীভাবে নিরাপদ বাসস্থান অ্যাক্সেস করতে হয় সে বিষয়ে পরামর্শ এবং সহায়তা প্রদান করতে পারে। ন্যাশনাল ডোমেস্টিক অ্যাবিউজ হেল্পলাইন-এ 24 ঘন্টা, বছরের প্রতিটি দিন, বিশেষজ্ঞদের একটি নিবেদিত দলের কর্মীরা উপস্থিত থাকেন এবং তাদের সাথে নম্বরে যোগাযোগ করা যেতে পারে: 0808 2000 247। এছাড়াও দি সামারিটানস-এ প্রতিদিন, 24 ঘন্টা কর্মীরা নিয়োজিত থাকেন এবং তাদের সাথে 116 123 নম্বরে যোগাযোগ করা যেতে পারে। বিকল্প হিসাবে, সোশাল সার্ভিস, জেনারেল প্র্যাকটিশনার (জিপি), ফার্মেসি এবং সিটিজেনস অ্যাডভাইস ব্যুরো সহ অন্যান্য পরিষেবাগুলো আপনার এলাকায় আরও তথ্য এবং সাইনপোস্ট সহায়তা প্রদান করতে পারে।

আরও তথ্য এখানে পাওয়া যাবে: www.gov.uk/report-domestic-abuse. যাদের কাছে সময় সীমিত তাদের জন্য বেশিরভাগ গার্হস্থ্য নির্যাতনে সহায়তা প্রদানকারী সাইটগুলোতে দ্রুত প্রস্থান করার ব্যবস্থা রয়েছে। আপনি যদি তাৎক্ষণিক বিপদে পড়েন তাহলে পুলিশের সাথে যোগাযোগ করতে হবে: 999 নম্বরে।

3.4 অপরাধী একজন প্রাপ্তবয়স্ক হলে, পুলিশের কাছ থেকে রেস্টোরেটিভ জাস্টিস সম্পর্কে এবং আপনার স্থানীয় এলাকায় কীভাবে রেস্টোরেটিভ জাস্টিস পরিষেবাগুলো অ্যাক্সেস করতে হবে সে সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। অপরাধীর বয়স 18 বছরের কম হলে, ইউথ অফেন্ডিং টিম-এর কাছ থেকে রেস্টোরেটিভ জাস্টিস সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। [পাদটীকা 23]

3.5 যদিও পুলিশ আপনাকে রেস্টোরেটিভ জাস্টিস সম্পর্কে প্রাথমিকভাবে তথ্য প্রদানের জন্য দায়ী, তবে সকল পরিষেবা প্রদানকারীকে অবশ্যই বিবেচনা করতে হবে যে আপনি ফৌজদারি বিচার প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এই তথ্য প্রাপ্তির মাধ্যমে উপকৃত হবেন কিনা।

রেস্টোরেটিভ জাস্টিস কী?

রেস্টোরেটিভ জাস্টিস হল এমন একটি প্রক্রিয়া যা অপরাধের কারণে ক্ষতিগ্রস্ত এবং ক্ষতির জন্য দায়ী ব্যক্তিগণকে যোগাযোগের মধ্যে নিয়ে আসে। এটি একটি নির্দিষ্ট ঘটনার দ্বারা প্রভাবিত প্রত্যেককে ক্ষতি মেরামত করতে ভূমিকা পালন করতে সক্ষম করে যা একটি ইতিবাচক পথ খুঁজে পেতে মূল্যবান ভূমিকা রাখতে পারে। যোগাযোগ অনেকভাবে হতে পারে, কারো জন্য হতে পারে অপরাধীর সাথে সামনা-সামনি দেখা করা, আবার কারো জন্য চিঠি, রেকর্ড করা সাক্ষাৎকার বা ভিডিওর মাধ্যমে যোগাযোগ হতে পারে। রেস্টোরেটিভ জাস্টিস-এর যে পদ্ধতিটি আপনার জন্য সবচেয়ে উপযুক্ত হবে, প্রশিক্ষিত ফ্যাসিলিটেটরগণ আপনাকে সর্বক্ষেত্রে প্রস্তুত ও সহায়তা করবেন।

রেস্টোরেটিভ জাস্টিস সকল পক্ষের জন্য স্বেচ্ছামূলক এবং এটিকে সহায়তাকারী সহ সংশ্লিষ্ট সবাইকে সম্মত হতে হবে যে এটি এগিয়ে নেওয়া নিরাপদ এবং যথাযথ। এটি তখনই ঘটবে যখন আপনি এবং অপরাধী উভয়েই মামলাটির মৌলিক তথ্যগুলো স্বীকার করবেন, এবং উভয়ই এতে অংশ নিতে আগ্রহী। আপনি অংশ নিতে বাধ্য নন এবং আপনি যেকোনো সময় প্রত্যাহার করতে পারেন। আপনি আপনার জন্য সঠিক সময়ে রেস্টোরেটিভ জাস্টিস প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য বলতে পারেন। আপনাকে অংশ নেওয়ার সুযোগ দেওয়া হতে পারে কারণ অপরাধীকে এজন্য রেফার করা হয়েছে এবং এটি নিরাপদ হিসাবে মূল্যায়ন করা হয়েছে।

3.6 এই অধিকারের অধীনে সকল তথ্য অবশ্যই অপরাধের রিপোর্ট করার 5 কার্যদিবসের মধ্যে (বর্দ্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) প্রদান করতে হবে।

অধিকার 4: ভুক্তভোগীকে সহায়তা করে এমন পরিষেবাতে আপনাকে রেফার করা যাদের কাছে আপনার প্রয়োজন অনুসারে সেবা ও সহায়তা প্রদানের ব্যবস্থা রয়েছে।

চাহিদার মূল্যায়ন

4.1 আপনি যখন পুলিশের কাছে একটি অপরাধ সম্পর্কে রিপোর্ট করছেন, তখন সহায়তা পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি এই কোডের 10 পৃষ্ঠায় উল্লিখিত বর্ধিত অধিকার পাওয়ার যোগ্য হবেন কিনা তার মূল্যায়ন এতে অন্তর্ভুক্ত থাকবে। এই মূল্যায়নের সময়

আপনি যত বেশি সম্ভব তথ্য প্রদান করতে পারলে তার মাধ্যমে নিশ্চিত করবে যে পরিষেবা প্রদানকারীরা আপনার প্রয়োজনগুলো আরও ভালভাবে মেটাতে সাহায্য এবং সহায়তা করতে সক্ষম হবেন।

4.2 আপনার মামলার পুরোটা জুড়ে, আপনার পরিবর্তিত প্রয়োজনসমূহ সম্পর্কে জানালে সকল পরিষেবা প্রদানকারী কর্তৃক অবশ্যই পুনরায় মূল্যায়ন করার সুযোগ দিতে হবে।

4.3 যদি সাক্ষ্য দেওয়ার জন্য আপনাকে আদালতে উপস্থিত হতে হয়, তাহলে বিচারের আগে এবং আদালতে আপনার আর কোনো সাহায্য এবং সহায়তার প্রয়োজন আছে কিনা নির্ধারণ করার জন্য উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক আপনার চাহিদার পৃথক একটি মূল্যায়নের প্রস্তাব দেওয়া হবে।

ভুক্তভোগীদেরকে সহায়তাকারী পরিষেবাগুলোতে রেফারেল পাঠানো।

4.4 ভুক্তভোগীদেরকে সহায়তাকারী পরিষেবাগুলো আপনাকে সমস্যা কাটিয়ে উঠতে এবং যতদূর সম্ভব, অপরাধের পরে পুনরুদ্ধার করতে সহায়তা করে। সহায়তা পাওয়া যাবে বিনামূল্যে, এমনকি অপরাধটি পুলিশকে রিপোর্ট করা না হলেও। আপনার এলাকায় সহায়তা সম্পর্কে আরও তথ্যের জন্য, আপনার স্থানীয় পুলিশ এবং ক্রাইম কমিশনারের সাথে যোগাযোগ করুন [পাদটীকা 23] অথবা এখানে দেখুন: www.gov.uk/get-support-as-a-victim-of-crime

4.5 আপনি যদি পুলিশের কাছে কোনো অপরাধের রিপোর্ট করেন, তাহলে আপনার অধিকার আছে এমন কোনো পরিষেবাতে আপনাকে রেফার করা হবে যারা রেস্টোরেটিভ জাস্টিস সেবা সহ ভুক্তভোগীদেরকে সহায়তা করে। পুলিশ আপনাকে আপনার স্থানীয় এলাকায় উপলব্ধ সকল সহায়তা পরিষেবা সম্পর্কে বলবে। আপনাকে 2 কার্যদিবসের মধ্যে একটি সহায়তা পরিষেবাতে রেফার করা হবে, এবং এই পরিষেবাগুলো প্রাপ্যতার ভিত্তিতে সময়মতো সহায়তা লাভের অ্যাক্সেস প্রদান করার চেষ্টা করবে।

4.6 আপনি যদি পুলিশের কাছে অপরাধের রিপোর্ট না করার সিদ্ধান্ত নেন, তাহলেও যেকোনো সময় সহায়তা পরিষেবা অ্যাক্সেস করার অধিকার আপনার রয়েছে। আপনি স্থানীয় সহায়তা পরিষেবার সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন। আপনার কাছাকাছি কোনো সহায়তা পরিষেবা অনুসন্ধান করতে, আপনার স্থানীয় পুলিশ এবং ক্রাইম কমিশনারের সাথে যোগাযোগ করুন [পাদটীকা 24] অথবা এখানে দেখুন:www.gov.uk/getsupport-as-a-victim-of-crime

4.7 যদি আপনি একজন শোকাহত নিকটাত্মীয় হন, তবে পুলিশ কর্তৃক আপনার জন্য একজন ফ্যামিলি লিয়াজোঁ অফিসার যুক্ত করার অধিকার আপনার রয়েছে, যদি সিনিয়র তদন্তকারী অফিসার এটিকে যথাযথ মনে করেন (অধিকাংশ ক্ষেত্রে এটি ঘটবে)। আপনার ফ্যামিলি লিয়াজোঁ অফিসার সাধারণত আপনার এবং পরিষেবা প্রদানকারীদের মধ্যে যোগাযোগের অভিন্ন কেন্দ্র হিসাবে কাজ করবেন। যদি আপনার মামলায় খুন বা নরহত্যার অভিযোগ যুক্ত থাকে, তাহলে আপনাকে ন্যাশনাল হোমিসাইড সার্ভিস এবং অন্য কোনো

প্রাসঙ্গিক বিশেষজ্ঞ সহায়তা পরিষেবার কাছে পাঠানোর অধিকারও আপনার রয়েছে। এই প্রস্তাবটি সাধারণত আপনার ফ্যামিলি লিয়াজোঁ অফিসারের মাধ্যমে করা হবে।

ন্যাশনাল হোমিসাইড সার্ভিস কী?

ন্যাশনাল হোমিসাইড সার্ভিস হল বিনামূল্যে প্রাপ্য একটি পরিষেবা যারা সন্ত্রাসবাদী কর্মকান্ড সহ খুন বা নরহত্যার কারণে শোকাহত পরিবারগুলোকে মানসিক, প্রায়োগিক, বিশেষজ্ঞ এবং পিয়ার সাপোর্ট সহায়তা প্রদান করে থাকে।

4.8 আপনার প্রয়োজন এবং মামলার প্রকৃতির উপর ভিত্তি করে, আপনাকে বিশেষজ্ঞ সহায়তা দেওয়া হতে পারে, উদাহরণস্বরূপ, যৌন সহিংসতার বিষয়ে একজন স্বাধীন পরামর্শক অথবা গার্হস্থ্য সহিংসতার বিষয়ে একজন স্বাধীন পরামর্শকের কাছ থেকে। আপনার পরামর্শক সাধারণত পুরো মামলায় আপনার সাথে যোগাযোগের একক পয়েন্ট হিসাবে কাজ করবেন এবং আপনার পক্ষে পুলিশ, উইটনেস কেয়ার ইউনিট এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে যোগাযোগ করবেন।

একজন স্বাধীন যৌন সহিংসতা বিষয়ক পরামর্শক অথবা স্বাধীন গার্হস্থ্য সহিংসতা বিষয়ক পরামর্শকের ভূমিকা কী?

একজন স্বাধীন যৌন সহিংসতা বিষয়ক পরামর্শক হলেন একজন পরামর্শক যিনি ধর্ষণ এবং যৌন নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের সাথে কাজ করেন, যেখানে তারা পুলিশের কাছে ঘটনাটি রিপোর্ট করেছেন কিংবা করেননি।

স্বাধীন গার্হস্থ্য সহিংসতা বিষয়ক পরামর্শকগণ গার্হস্থ্য নির্যাতনের শিকারদের সাথে তাদের অভিজ্ঞতা এবং তাদের চলমান ক্ষতির ঝুঁকি বোঝার জন্য কাজ করেন। তারা ভুক্তভোগীদের সাথে, যাতে তারা কোনো ধরনের অপব্যবহার থেকে মুক্ত ও নিরাপদ থাকতে পারেন এবং নতুনভাবে জীবন পুনর্গঠন শুরু করার জন্য যা কিছু প্রয়োজন তা নিশ্চিত করতে একটি সুরক্ষা পরিকল্পনা তৈরি করবেন। এই পরিকল্পনায় ভুক্তভোগীদের সংবিধিবদ্ধ পরিষেবাগুলো (যেমন স্বাস্থ্যসেবা এবং আবাসন পরিষেবাগুলো) অ্যাক্সেস করতে সহায়তা করা, বিভিন্ন এজেন্সির সমন্বয়ে ঝুঁকি মূল্যায়ন সভায় তাদের পক্ষে কথা বলা এবং তাদের কমিউনিটিতে অন্যান্য স্বেচ্ছাসেবী পরিষেবাগুলো অ্যাক্সেস করা অন্তর্ভুক্ত থাকতে পারে। স্বাধীন গার্হস্থ্য সহিংসতা বিষয়ক পরামর্শকগণ বিধিবদ্ধ পরিষেবা থেকে পৃথক এবং তারা ভুক্তভোগীদেরকে তাদের প্রয়োজন অনুসারে প্রাসঙ্গিক তথ্য এবং পরামর্শ প্রদান করতে সক্ষম।

4.9 আপনার যদি আদালতে সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হয়, তাহলে আপনাকে একটি উইটনেস সাপোর্ট সার্ভিসে রেফার করার অধিকার আপনার রয়েছে (অধিকার 8 দেখুন)।

4.10 আপনার মামলার শেষে, ফলাফল যাই হোক না কেন, আপনি যদি আগে সেগুলো অ্যাক্সেস না করে থাকেন তাহলে আপনাকে একটি সহায়তা পরিষেবাতে রেফারেল অফার করার অধিকার আপনার রয়েছে। আপনার কাছাকাছি ভুক্তভোগীদের সহায়তা করে এমন একটি পরিষেবার সন্ধান পেতে, আপনার স্থানীয় পুলিশ এবং ক্রাইম কমিশনারের সাথে যোগাযোগ করুন [পাদটীকা 25] অথবা এখানে দেখুন: www.gov.uk/get-support-as-a-victim-of-crime

বিশেষ ব্যবস্থাসমূহ

4.11 আপনি যোগ্য কিনা এবং বিশেষ ব্যবস্থা ব্যবহার করে সাক্ষ্য প্রদানের মাধ্যমে উপকৃত হবেন কিনা তা নির্ধারণ করার জন্য পুলিশ বা উইটনেস কেয়ার ইউনিট দ্বারা আপনার প্রয়োজনীয়তা মূল্যায়ন করার অধিকার আপনার রয়েছে। [পাদটীকা 26] পুলিশ বা উইটনেস কেয়ার ইউনিট আপনাকে ব্যাখ্যা করবে কোন বিশেষ ব্যবস্থাগুলো পাওয়া যাবে এবং আপনার কাছে জানতে চাইবে কোন ব্যবস্থাগুলোর জন্য আপনি আবেদন করতে চান।

বিশেষ ব্যবস্থা কী কী?

অরক্ষিত বা ভীতসন্ত্রস্ত ভুক্তভোগী এবং সাক্ষীরা আদালতে তাদের সাক্ষ্য সর্বোত্তম ভাবে দিতে এবং সাক্ষ্য দেওয়ার সাথে যুক্ত কিছু চাপ থেকে মুক্তি পেতে সহায়তা করার জন্য বিচারের সময় কিছু বিশেষ ব্যবস্থার নেওয়ার জন্য বলতে পারেন। আপনি যোগ্য হলে, আদালত সিদ্ধান্ত নেবে বিশেষ ব্যবস্থা মঞ্জুর করা উচিত কিনা।

সাধারণ বিশেষ ব্যবস্থাগুলোর মধ্যে রয়েছে: কাঠগড়ার চারপাশে পর্দা/স্ক্রিন লাগানো অথবা আদালতের মধ্যে একটি ভিন্ন কক্ষ থেকে কিংবা আদালত ভবনের বাইরে এই উদ্দেশ্যে স্থাপিত একটি লাইভ-লিংক সাইট থেকে ভিডিও লিংকের মাধ্যমে সাক্ষ্য দেওয়া যাতে আপনাকে আসামী এবং আদালতে থাকা পর্যবেক্ষকদের সামনা-সামনি হতে না হয়।

অন্যান্য বিশেষ ব্যবস্থার মধ্যে রয়েছে:

- আদালত কক্ষে সাংবাদিক বা জনসাধারণের উপস্থিতি ছাড়া গোপনীয়ভাবে সাক্ষ্য প্রদান করা;
- ক্রাউন কোর্টে বিচারক এবং বাদী ও বিবাদী পক্ষের উকিলদের পরিধান করা পরচুলা এবং গাউনগুলো সরিয়ে ফেলা;
- প্রশ্নগুলো বোঝার জন্য যোগাযোগের সহায়ক উপকরণ বা কোনো মধ্যস্থতাকরীর সাহায্য নেওয়া; অথবা
- আগে থেকে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সাক্ষ্য বা জেরার জবাব দেওয়া, যার অর্থ হচ্ছে সাক্ষীকে বিচার চলাকালে সাক্ষ্য দিতে হবে না (সাক্ষীগণ আগে রেকর্ডকৃত সাক্ষ্যের পরিবর্তে বিচারের সময় উপস্থিত হয়ে সাক্ষ্য দেওয়ার জন্য মত পরিবর্তন করতে পারবেন না)।

4.12 প্রসিকিউটরের অনুরোধ পাওয়ার পর বিচারক বা ম্যাজিস্ট্রেট সিদ্ধান্ত নেবেন যে বিশেষ ব্যবস্থা মঞ্জুর করা উচিত কিনা। উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক আপনাকে বিচারক বা ম্যাজিস্ট্রেটদের সিদ্ধান্ত জানানো হবে (অধিকার 8 দেখুন) এবং হার ম্যাজেস্টিস কোর্ট এবং ট্রাইব্যুনাল সার্ভিসের আদালত কর্মীরা আপনাকে নিশ্চিত করবে আপনার জন্য মঞ্জুরকৃত বিশেষ ব্যবস্থাসমূহ আদালতে উপলব্ধ আছে।

অধিকার 5: ক্ষতিপূরণ পাওয়া সম্পর্কে তথ্য পাওয়া

আদালত ক্ষতিপূরণের নির্দেশ দিলে

5.1 বিবাদী যদি দোষ স্বীকার করে অথবা দোষী সাব্যস্ত হয়, সেক্ষেত্রে বিচারক বা ম্যাজিস্ট্রেট অপরাধের ফলে সৃষ্ট কোনো ক্ষতি, লোকসান বা আঘাতের জন্য আপনাকে ক্ষতিপূরণ দেওয়ার আদেশ দিতে পারেন। আপনার অধিকার রয়েছে কীভাবে আপনি ক্ষতিপূরণ দাবি করবেন সে সম্পর্কে পুলিশ আপনাকে বলবে এবং আপনাকে কোনও ক্ষতি বা ক্ষতির প্রমাণ দিতে বলা হতে পারে, যেমন খরচের রশিদ বা অপরাধের সময় হওয়া ক্ষতি মেরামতের জন্য কোটেশন।

ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন স্কিম

5.2 যদি আপনি কোনো হিংসাত্মক অপরাধের সরাসরি ফলাফল হিসাবে কোনো গুরুতর শারীরিক বা মানসিক আঘাত পেয়ে থাকেন, সেক্ষেত্রে আপনি ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন স্কিম (দি স্কিম) এর মাধ্যমে ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হতে পারেন। [পাদটীকা 27] এই স্কিমটি ইংল্যান্ড, ওয়েলস এবং স্কটল্যান্ড-এ আহতদের জন্য প্রযোজ্য। এই স্কিম [পাদটীকা 28] এর মাধ্যমে কীভাবে ক্ষতিপূরণের জন্য আবেদন করতে হবে তা পুলিশ কর্তৃক জানানোর অধিকার আপনার রয়েছে (দেখুন অধিকার 3)।

5.3 ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন অথরিটি এই স্কিম পরিচালনা করেন।

5.4 আপনার আবেদন করতে দেরি করবেন না। আপনাকে যুক্তিসঙ্গত ও বাস্তবসম্মত যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করতে হবে। এটি সাধারণত ঘটনার তারিখ থেকে দুই বছরের মধ্যে হওয়া উচিত। ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন অথরিটি কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে সময়সীমা বাড়াতে পারে। ঘটনার সময় আপনার বয়স 18 বছরের কম হলে ভিন্ন নিয়ম প্রযোজ্য। ক্ষতিপূরণ পাওয়ার জন্য যোগ্য হতে হলে, আপনাকে স্কিমের নির্ধারিত বৃহত্তর যোগ্যতার মানদণ্ড পূরণ করতে হবে।

5.5 আবেদন করার জন্য ফৌজদারি বিচারের ফলাফলের জন্য আপনার অপেক্ষা করা উচিত নয়। আপনার দাবিটি অপরাধীর দোষী সাব্যস্ত হওয়ার উপর নির্ভরশীল নয়। তবে, ক্রিমিনাল ইনজুরিজ কমপেনসেশন অথরিটির কাছে আপনার দাবির অগ্রগতির জন্য যথেষ্ট তথ্য না থাকলে, আপনি মামলার ফলাফল না জানা পর্যন্ত, তারা আপনার আবেদন স্থগিত রাখতে পারেন।

5.6 এই স্কিমটি সর্বশেষ অবলম্বনগুলোর একটি। অন্য কোনো উৎস থেকে আপনি ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ থাকলে আপনাকে সেটাই করতে হবে। এই স্কিমের অধীনে কোনো ক্ষতিপূরণ আপনাকে অন্যান্য ক্ষতিপূরণমূলক অর্থপ্রদানের সাথে সমন্বয় করা হবে, যেমন আদালত কর্তৃক দেওয়া ক্ষতিপূরণের আদেশ অথবা সিভিল পার্সোনাল ইনজুরি এওয়ার্ড। ক্রিমিনাল ইনজুরিজ কমপেনসেশন অথরিটি অন্যান্য উৎস থেকে ক্ষতিপূরণ পাওয়ার জন্য আপনার দ্বারা যুক্তিসঙ্গত পদক্ষেপ না নেওয়া পর্যন্ত এবং সেই পদক্ষেপগুলোর ফলাফলে অপেক্ষা করার সময় পর্যন্ত আপনার দাবির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া বিলম্বিত করতে পারে।

5.7 আপনি আবেদন করার পরে, ক্রিমিনাল ইনজুরিজ কমপেনসেশন অথরিটি আপনাকে নিশ্চিত করবেন যে তারা আপনার আবেদনটি পেয়েছেন এবং আপনার আবেদন সংক্রান্ত সকল লিখিত চিঠিপত্রের জবাব সেগুলো পাওয়ার 20 কার্যদিবসের মধ্যে দেবেন।

5.8 আপনার আবেদন বিবেচনা করার পরে, আপনাকে ক্রিমিনাল ইনজুরি কমপেনসেশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত পর্যালোচনা করার জন্য আপনার অধিকার সম্পর্কিত তথ্য প্রদান করা হবে, সিদ্ধান্তটি পর্যালোচনা করার পদ্ধতি এবং সময়সীমা সহ।

5.9 ক্ষতিপূরণের জন্য আবেদন করার বিষয়ে আরও তথ্য এখানে পাওয়া যাবে: www.gov.uk/claimcompensation criminal-injury, এছাড়া পুলিশ, আপনার স্থানীয় সহায়তা পরিষেবা, অথবা 0300 003 3601 নম্বরে ক্রিমিনাল ইনজুরি কমপেনসেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেও পাওয়া যাবে। [^30}

5.10 যদিও এটি এই কোডের আওতার বাইরে, তথাপি বিদেশে সন্ত্রাসী হামলায় আহত যুক্তরাজ্যের ভুক্তভোগীরা ভিকটিমস অফ ওভারসিজ টেরোরিজম কমপেনসেশন স্কিমের মাধ্যমে ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী হতে পারেন। ক্ষতিপূরণের জন্য আবেদন করার বিষয়ে আরও তথ্য এখানে পাওয়া যাবে: www.gov.uk/compensation-victim-terrorist-attack, অথবা 0300 003 3601 নম্বরে ক্রিমিনাল ইনজুরি কমপেনসেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে। [পাদটীকা 30]

দেওয়ানী (ফৌজদারি নয়) ক্ষতিপূরণ

5.11 ফৌজদারি বিচার প্রক্রিয়ার বাইরেও, সন্দেহভাজন বা অপরাধীর কাছ থেকে ক্ষতিপূরণ চাওয়া সম্ভব হতে পারে। আপনি যদি দেওয়ানী ক্ষতিপূরণের জন্য আবেদন করার কথা বিবেচনা করতে চান, তাহলে আপনার উচিত হবে একজন সলিসিটরের কাছ থেকে আইনি পরামর্শ এবং সহায়তা নেওয়া।

ক্ষতিপূরণ দাবি করার বিষয়ে আইনি পরামর্শ/সহায়তা পাওয়া

5.12 আপনার যদি আইনি পরামর্শ এবং/অথবা সহায়তার প্রয়োজন হয় তাহলে আপনাকে একজন সলিসিটরের সাথে যোগাযোগ করতে হবে। আপনার আয় কম থাকে বা বেনিফিট পেয়ে থাকেন তবে এর খরচ বহনের সহায়তার জন্য লিগ্যাল এইড (আইনি সহায়তা) পেতে পারেন। আপনি লিগ্যাল এইড পাওয়ার যোগ্য কিনা সে সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে: www.gov.uk/legal-aid

5.13 একজন স্থানীয় সলিসিটর খুঁজতে আপনাকে ল সোসাইটির সাথে এখানে যোগাযোগ কতে হবে: www.lawsociety.org.uk

অধিকার 6: তদন্ত এবং প্রসিকিউশন সম্পর্কে তথ্য পাওয়া

6.1 যখন তদন্তে কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয় তখন পুলিশ কর্তৃক আপনাকে জানানোর অধিকার আপনার রয়েছে এবং যেখানে প্রযোজ্য, 5 কার্যদিবসের মধ্যে (বর্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) কারণ ব্যাখ্যা করতে হবে যদি সন্দেহভাজন ব্যক্তিকে:

- গ্রেফতার করা হয়;
- সতর্কতার অধীনে ইন্টারভিউ নেওয়া হয়;
- অভিযোগ না এনে মুক্তি দেওয়া হয় ; এবং
- পুলিশের জামিনে বা তদন্তাধীন অবস্থায় মুক্তি দেওয়া হয় কিংবা পুলিশের জামিনের শর্ত পরিবর্তন বা বাতিল করা হয়।

6.2 যদি পুলিশ আপনার মামলাটি তদন্ত না করার সিদ্ধান্ত নেয়, তাহলে আপনাকে 5 কার্যদিবসের মধ্যে (বর্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) এই সিদ্ধান্তের ব্যাখ্যা দেওয়া হবে। পুলিশ আপনাকে কোনো সহায়তা পরিষেবাতে রেফারেল এর প্রস্তাব দেবে।

6.3 পুলিশ আপনার মামলাটি তদন্ত করলে, তারা আপনার সাথে আলোচনা করে ঠিক করবে আপনি কত ঘন ঘন আপডেট পেতে চান এবং যোগাযোগের জন্য আপনার পছন্দের পদ্ধতি কোনটি। আপনি যেকোনো সময় আপনার পছন্দ আপডেট করতে পারবেন।

6.4 মামলাটি আদালতে যাওয়া উচিত কিনা সে বিষয়ে তদন্ত এবং সিদ্ধান্ত নিতে দীর্ঘ সময় লাগতে পারে এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলোর মধ্যে দীর্ঘ সময়ের ব্যবধান থাকতে পারে। আপনি যদি এই সময়ের মধ্যে যোগাযোগ করতে চান তবে পুলিশ আপনার সাথে আলোচনা করবে এবং তদন্তের সময় আপনার কোনো প্রশ্ন থাকলে যোগাযোগের জন্য ঠিকানা প্রদান করবে।

6.5 অনেক সময় এমন হতে পারে যে, কোনো পরিষেবা প্রদানকারী আপনাকে আপডেট দিতে এবং/অথবা যোগাযোগের জন্য আপনার পছন্দের পদ্ধতি ব্যবহার করতে সক্ষম হন না, তবে এসব ক্ষেত্রে, তারা আপনাকে এর কারণ জানাবেন।

6.6 কোনো কোনো ক্ষেত্রে, পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস মামলাটিকে আদালতে না নিয়েই নিষ্পত্তি করার সিদ্ধান্ত নিতে পারে। এটাকে বলা হয় আদালতের বাইরে নিষ্পত্তি। [পাদটীকা 31] এটি পদ্ধতিতে ঘটনাটিকে তুলনামূলক দ্রুত নিষ্পত্তি করতে সক্ষম করে এবং আরও অপরাধ প্রতিরোধে বেশি কার্যকর প্রমাণিত হতে পারে।

6.7 পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আদালতের বাইরে নিষ্পত্তির বিষয়টি বিবেচনা করলে আপনার অধিকার রয়েছে যেন আপনার মতামত নেওয়া হয় এবং সিদ্ধান্ত নেওয়ার সময় আপনার মতামতকে বিবেচনায় নেওয়া হয়। যদি বাস্তবিক কারণে এটি সম্ভব না হয়, সেক্ষেত্রে পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আপনাকে বলবে কেন সম্ভব নয়।

6.8 অপরাধের সম্পূর্ণ পারিপার্শ্বিক অবস্থা এবং আপনার মতামত বিবেচনা করে পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। অপরাধীকে আদালতের বাইরে নিষ্পত্তি করার সিদ্ধান্ত নেওয়া হলে 5 কার্যদিবসের মধ্যে (বর্দ্ধিত অধিকারের অধীনে 1 কার্য দিবস) তাদের সিদ্ধান্তের কারণ জানানোর অধিকার আপনার রয়েছে।

6.9 পুলিশ তাদের তদন্ত শেষ কার পরে, তারা সিদ্ধান্ত নিতে পারে যে পরবর্তীতে কী ঘটবে বা, আরও গুরুতর অপরাধের জন্য ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছে তথ্য প্রেরণ করবে, তারা তখন সিদ্ধান্ত নেবে যে মামলাটি আদালতে নিয়ে যাওয়ার জন্য যথেষ্ট প্রমাণ আছে কিনা।

6.10 যদি পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস সন্দেহভাজন ব্যক্তির বিচার না করার সিদ্ধান্ত নেয়, তাহলে এই সিদ্ধান্তের 5 কার্যদিবসের মধ্যে (বর্দ্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) নিম্নোক্ত বিষয়গুলো আপনাকে জানানোর অধিকার আপনার রয়েছে:

- সিদ্ধান্তের কারণ;
- আপনি কীভাবে আরও তথ্য পেতে পারেন;
- ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস ভিকটিমস রাইট টু রিভিউ স্কিমের [পাদটীকা 32] অধীনে কীভাবে সিদ্ধান্তটি পর্যালোচনা করার জন্য চাইতে হবে এবং কীভাবে আবেদন করতে হবে; এবং
- কীভাবে কোনো সহায়তা পরিষেবায় রেফার করা হবে।

6.11 আপনি যদি সন্দেহভাজন ব্যক্তিকে বিচার না করার জন্য পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সিদ্ধান্তে অসন্তুষ্ট হন, তাহলে ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস ভিকটিমস রাইট টু রিভিউ স্কিমের অধীনে সিদ্ধান্তটির পর্যালোচনা চাওয়ার অধিকার আপনার রয়েছে।

ভিকটিমস রাইট টু রিভিউ স্কিম কী?

ভিক্টিমস রাইট টু রিভিউ স্কিম কোনো অপরাধের শিকার হওয়া ভুক্তভোগীকে পুলিশ অথবা ক্রাউন প্রসিকিউশন সার্ভিস কর্তৃক বিচার না করার অথবা মামলাটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত পর্যালোচনার অনুরোধ করার অধিকার প্রদান করে।

পুলিশ

ভিকটিমস রাইট টু রিভিউ স্কিম ভুক্তভোগীদেরকে কোনো সন্দেহভাজন ব্যক্তিকে বিচার না করার জন্য পুলিশের সিদ্ধান্তের পুনর্বিবেচনা চাওয়ার অধিকার দেয়। এটি সেই ক্ষেত্রে প্রযোজ্য যেখানে সন্দেহভাজন ব্যক্তিকে সনাক্ত করা হয়েছে এবং সতর্কতার অধীনে ইন্টারভিউ নেওয়া হয়েছে, হয় গ্রেপ্তারের পরে বা স্বেচ্ছায়। আপনার অধিকার আছে সিদ্ধান্ত পর্যালোচনার অনুরোধ করার যদি পুলিশ:

- তাদের চার্জ করার ক্ষমতা আছে এমন মামলায় বিচার না করার সিদ্ধান্ত নেয়; অথবা যেখানে
- চার্জ করার সিদ্ধান্তের জন্য ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছে রেফার করার জন্য মামলাটির ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী পূরণ হয় না।

ক্রাউন প্রসিকিউশন সার্ভিস

ভিকটিমস রাইট টু রিভিউ স্কিম ভুক্তভোগীদেরকে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস কর্তৃক অভিযোগ দায়ের না করা অথবা মামলার সকল কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্তের পর্যালোচনা করার অধিকার দেয়। এই স্কিমের অধীনে আপনি নিম্নলিখিত সিদ্ধান্তগুলোর পর্যালোচনা চাইতে পারেন:

- অভিযোগ দায়ের না করা;
- সকল অভিযোগ দায়ের না করা (বা ম্যাজিস্ট্রেট কোর্টে প্রত্যাহার করা), যার ফলে মামলার সকল কার্যক্রম শেষ করা;
- সকল কার্যধারায় কোন প্রমাণ না দেওয়া; অথবা
- কার্যপ্রণালীতে সকল চার্জ 'লাই অন দি ফাইল' বা ফাইলে থাকবে (ক্রাউন প্রসিকিউশন সার্ভিস মামলাটি নিয়ে না এগুনোর সিদ্ধান্ত নিলে এই শব্দগুচ্ছ ব্যবহৃত হয় এবং অনুরোধ করা হয় যে চার্জসমূহ 'ফাইলে রাখা হবে' এবং 'আদালত বা আপীল আদালতের অনুমতি ছাড়া এই মামলার কার্যক্রম চালানো যাবে না)' হিসাবে চিহ্নিত করে রাখা হয়।

6.12 আপনি যদি কোনো নির্দিষ্ট মামলার একজন ভুক্তভোগী হন [পাদটীকা 34] যেখানে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস কর্তৃক সন্দেহভাজন ব্যক্তিকে চার্জ না করার সিদ্ধান্তের বিষয়ে আপনাকে জানায়, তাহলে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আপনাকে এ ব্যাপারে একটি মিটিং করার প্রস্তাব পাওয়ার অধিকার আপনার রয়েছে যদি না ক্রাউন প্রসিকিউশন সার্ভিস মিটিং না করার সিদ্ধান্ত নেয়। বিরল ক্ষেত্রে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস সিদ্ধান্ত নেয় যে মিটিং করা যথাযথ হবে না, এরূপ ক্ষেত্রে তারা আপনাকে তাদের সিদ্ধান্ত ব্যাখ্যা করবে।

6.13 যদি অপরাধ(গুলো)র জন্য সন্দেহভাজন ব্যক্তিকে অভিযুক্ত করা হয়, তাহলে পুলিশ কর্তৃক 5 কার্যদিবসের মধ্যে (বর্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) আপনাকে জানানোর অধিকার আপনার রয়েছে:

- তারা যে অপরাধে অভিযুক্ত;
- আদালতে প্রথম শুনানির তারিখ, সময় এবং স্থান; এবং
- যেখানে সন্দেহভাজন ব্যক্তিকে আদালতে হাজির হওয়ার জন্য পুলিশি জামিনে মুক্তি দেওয়া হয়, সেক্ষেত্রে তাদের জামিনের শর্ত এবং জামিনের শর্তগুলোর কোনো পরিবর্তন।

6.14 যদি আপনি কোনো যোগ্য মামলায় শোকাহত নিকটাত্মীয় হন [পাদটীকা 35] সেক্ষেত্রে সন্দেহভাজন ব্যক্তিকে চার্জ করা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে অথবা পরে ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে একটি মিটিং-এর প্রস্তাব পাওয়ার অধিকার আপনার রয়েছে। যদি চার্জ করার সিদ্ধান্ত নেওয়া হয়, সেক্ষেত্রে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আপনাকে ব্যাখ্যা করবে কীভাবে মামলাটির অগ্রগতি হতে পারে এবং তারা আপনার যেকোনো প্রশ্নের উত্তর দেবে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আপনার চাহিদা নিয়েও আলোচনা করবে এবং আপনার সাথে যৌথভাবে সম্মত হবে যে আপনি কীভাবে নিয়মিত আপডেট পাবেন।

6.15 সন্দেহভাজন ব্যক্তির বিরুদ্ধে অপরাধ(গুলো)র জন্য কোনো একটি চার্জ আনার পরে, যদি ক্রাউন প্রসিকিউশন সার্ভিস উক্ত চার্জ বন্ধ করে অন্য আরেকটি চার্জ এনে মামলা এগিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেয়, চার্জে কোনো বড় পরিবর্তন আনে অথবা মামলাটি বন্ধ করে দেয়, সেক্ষেত্রে আপনার অধিকার রয়েছে থারা আপনাকে জানাবে কেন ও কোথায় মামলাটি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, এবং আপনি যদি এই সিদ্ধান্তের সাথে একমত না হন তবে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস এর ভিকটিম রাইটস টু রিভিউ স্কিমের অধীনে কীভাবে সিদ্ধান্তটি পর্যালোচনার জন্য আবেদন করবেন।

অধিকার 7: ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি প্রদান করা

7.1 ভুক্তভোগীর একটি ব্যক্তিগত বিবৃতি দেওয়ার অধিকার আপনার রয়েছে যাতে আপনি আপনার নিজের ভাষায় ব্যাখ্যা করতে পারেন যে কীভাবে অপরাধটি আপনাকে শারীরিক, মানসিক, আর্থিকভাবে বা অন্য কোনোভাবে প্রভাবিত করেছে। সাক্ষীর বিবৃতি থেকে এটি ভিন্ন। আসামীকে কী ধরনের সাজা দেওয়া হবে সিদ্ধান্ত নেওয়ার সময় বিচারক বা ম্যাজিস্ট্রেট কর্তৃক ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতিটি বিবেচনা করা হবে এবং এটি আপনার এবং/অথবা আপনার পরিবারের কী কী অতিরিক্ত সহায়তার প্রয়োজন হতে পারে তা বিবেচনা করতে পরিষেবা প্রদানকারীদের সাহায্য করতে পারে।

7.2 আপনি যদি একজন শোকাহত নিকটাত্মীয় হন, তাহলেও ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি দেওয়ার অধিকার আপনার রয়েছে এবং আপনি সাক্ষীর বিবৃতি দেন বা না দেন, ব্যক্তিগত বিবৃতি দেওয়ার জন্য আপনার পাশে কাউকে রাখার অধিকার আপনার রয়েছে।

7.3 আপনি কোনো বিবৃতি দেবেন কিনা স্থির করার জন্য, অপরাধের রিপোর্ট করার সময় পুলিশ কর্তৃক আপনাকে ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে তথ্য দেওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যদি কোনো ব্যক্তিগত বিবৃতি দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনাকে জিজ্ঞাসা করা হবে আপনি নিজে আদালতে উচ্চস্বরে আপনার বিবৃতিটি পড়বেন না আপনার পক্ষে অন্য কেউ পড়ে শোনাবে। এছাড়াও আপনি পুলিশের কাছ থেকে একটি অনুলিপির জন্য অনুরোধ করতে পারেন এবং অপরাধের পরিবর্তিত প্রভাব প্রতিফলিত করার জন্য একটি অতিরিক্ত ব্যক্তিগত বিবৃতি দেওয়ার সুযোগ দেওয়া হবে।

7.4 যদি আসামী দোষ স্বীকার করে, বা দোষী সাব্যস্ত হয়, এবং আদালতে আপনার বিবৃতি উচ্চস্বরে পড়ার জন্য (বা বাজানো) আপনাকে বলা হয়, তখন বিচারক বা ম্যাজিস্ট্রেট সিদ্ধান্ত নেবেন যে আপনার ব্যক্তিগত বিবৃতিটির কোন অংশগুলো উচ্চস্বরে পড়তে হবে (বা বাজানো হবে), এবং কে এটি পড়বেন। বিচারক বা ম্যাজিস্ট্রেট তাদের সিদ্ধান্ত দেওয়ার সময় সর্বদা আপনার পছন্দ বিবেচনা করবেন, যদি না এটি না করার কোনো উপযুক্ত কারণ থাকে। উইটনেস কেয়ার ইউনিট আপনাকে বিচারক বা ম্যাজিস্ট্রেটদের সিদ্ধান্ত জানাবে।

7.5 ভিকটিম পার্সোনাল স্টেটমেন্টটি আপনার নিজে পড়া অথবা আপনার পক্ষ থেকে অন্য কেউ পড়ে শোনানো বাধ্যতামূলক নয়। আপনি যদি প্রথমে সিদ্ধান্ত নিয়ে থাকেন যে আপনার ব্যক্তিগত বিবৃতি উচ্চস্বরে পড়তে চান কিন্তু পরে এটি না করার সিদ্ধান্ত নেন,

সেক্ষেত্রে আপনি আপনার মত পরিবর্তন করতে পারেন। আপনার ব্যক্তিগত বিবৃতি আদালতে উচ্চস্বরে পড়া (বা বাজানো) হোক বা না হোক, বিচারক বা ম্যাজিস্ট্রেট এটাকে একইভাবে বিবেচনা করবেন।

7.6 ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট দেওয়ার যোগ্য ব্যবসা প্রতিষ্ঠানের পক্ষে মনোনীত ব্যক্তি ছাড়াও, সব আকারের ব্যবসা প্রতিষ্ঠান তাদের ব্যবসার জন্য একটি ইমপ্যাক্ট স্টেটমেন্ট তৈরি করতে পারে। এটি একটি ভিকটিম পার্সোনাল স্টেটমেন্টের মতো এবং একইভাবে আদালতে ব্যবহার করা হবে, কিন্তু ব্যবসা প্রতিষ্ঠানকে ব্যাখ্যা করার অনুমতি দেয় কীভাবে একটি অপরাধ এটিকে প্রভাবিত করেছে, যেমন সরাসরি আর্থিক ক্ষতি, ব্যবসা পরিচালনায় ব্যাঘাত বা ব্যবসায়ের সুনামের ক্ষতি।

7.7 অপরাধের রিপোর্ট করার সময় পুলিশের কাছ থেকে ইমপেক্ট স্টেটমেন্ট ফর বিজনেস এর প্রক্রিয়া সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার ব্যবসায়ের মনোনীত ব্যক্তির রয়েছে, যাতে করে ব্যবসা প্রতিষ্ঠানটি এটি করতে চায় কিনা সিদ্ধান্ত নিতে তাদেরকে সহায়তা করবে।

7.8 ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট এবং বিজনেস ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য পুলিশের কাছ থেকে এবং এখানে পাওয়া যাবে:
www.gov.uk/government/publications/victimpersonal-statement

আমি কখন ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি দিতে পারব?

অপরাধীর সাজা ঘোষণার আগে যেকোনো সময় আপনি ভুক্তভোগীর ব্যক্তিগত বিবৃতি দিতে পারেন, তবে আদালতে শুনানি শুরু হয়ে গেলে আপনার কাছে এটি করার সুযোগ নাও থাকতে পারে, বিশেষ করে যদি আসামি দোষ স্বীকার করে। অনেক ভুক্তভোগীর জন্য, ব্যক্তিগত বিবৃতি দেওয়ার সর্বোত্তম সময় হল যখন তাদের বলা হয় যে সন্দেহভাজন ব্যক্তিকে অভিযুক্ত করা হয়েছে এবং অপরাধের সম্পূর্ণ প্রভাব স্পষ্ট হতে পারে। আপনার চাহিদার মূল্যায়ন পরিচালনা করার সময় বা আপনার সাক্ষ্য বিবৃতি (উইটনেস স্টেটমেন্ট) নেওয়ার সময়ও পুলিশ প্রাথমিক প্রভাবের বিশদ জানতে চাইতে পারে।

আমি কি আমার মত পরিবর্তন করতে পারি বা আমার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট আপডেট করতে পারি?

আপনার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট দেওয়া হয়ে গেলে, এটি আদালতের কাগজপত্রের অংশ হয়ে যায় এবং আপনি এটি প্রত্যাহার বা পরিবর্তন করতে পারবেন না। তবে, যদি আপনার গুরুত্বপূর্ণ কিছু মনে পড়ে, বা আপনি মনে করেন যে আপনার উপর অপরাধের প্রভাব পরিবর্তিত হয়েছে, আপনি আরেকটি বিবৃতি দিতে পারবেন।

আসামী কি আমার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট দেখতে পারবে?

মামলাটি আদালতে পৌঁছালে, বিবাদীকে সাধারণত আপনার ব্যক্তিগত বিবৃতি পড়ার অনুমতি দেওয়া হবে। অন্যান্য প্রমাণের মতো, আদালত যদি সম্মত হন যে এটি মামলার সাথে প্রাসঙ্গিক, তাহলে বিবাদী পক্ষ আপনাকে আপনার ব্যক্তিগত বিবৃতির বিষয়বস্তু সম্পর্কে প্রশ্ন করতে পারে। আদালতে আপনার বিবৃতি উচ্চস্বরে পড়া হলে, সেখানে যা বলা হয়েছে তা গণমাধ্যমে প্রকাশ করা যেতে পারে।

আরও প্রশ্ন বা আপনার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট রেকর্ড করতে সাহায্য করা
ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট তৈরি করার বিষয়ে আপনার যদি প্রশ্ন থাকে, এটি কীভাবে ব্যবহার করা হবে বা কী অন্তর্ভুক্ত করতে হবে, তবে আপনি পুলিশ, উইটনেস কেয়ার ইউনিট বা অপরাধের শিকার ভুক্তভোগীদের জন্য সহায়তা পরিষেবার সাথে কথা বলতে পারেন। তারা আপনাকে এটি রেকর্ড করতেও সাহায্য করতে পারে।

প্যারোল শুনানি বা ট্যারিফ পর্যালোচনা [পাদটীকা 36] শুনানিতে ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট

7.9 আপনি আপনার মূল ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট ট্যারিফ পর্যালোচনা শুনানিতে এবং প্যারোল বোর্ডের শুনানিতে ব্যবহার করতে চাইতে পারেন। তবে, এই শুনানিগুলোর জন্য একটি নতুন ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট লেখার অধিকার আপনার রয়েছে, যেখানে আপনি ব্যাখ্যা করতে পারবেন কীভাবে অপরাধটি এখনো আপনাকে এবং/অথবা আপনার পরিবারকে প্রভাবিত করে চলেছে এবং এই শুনানির যে কোনো একটির ফলাফল আপনার উপর কী প্রভাব ফেলতে পারে। প্যারোল বোর্ডে দেওয়া ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট-এ বিভিন্ন নিয়ম প্রযোজ্য, (অধিকার 11 দেখুন)।

অধিকার 8: বিচার, বিচারিক প্রক্রিয়া এবং একজন সাক্ষী হিসাবে আপনার ভূমিকা সম্পর্কে তথ্য পাওয়া

8.1 যদি মামলাটি আদালতে যায়, তাহলে আদালত থেকে তথ্য পাওয়ার 5 কার্যদিবসের মধ্যে (বর্দ্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক আপনার জানানোর অধিকার আপনার রয়েছে, প্রাসঙ্গিক শুনানির ফলাফল পাওয়ার 5 কার্যদিবসের মধ্যে আপনাকে জানাতে হবে:

- যেকোনো শুনানির সময়, তারিখ এবং স্থান (সকল ভুক্তভোগীর জন্য 1 কার্যদিবসের মধ্যে);
- কোনো জামিন শুনানির ফলাফল (এবং প্রাসঙ্গিক জামিনের শর্তাবলী, এই জামিনের শর্তাবলীতে প্রাসঙ্গিক পরিবর্তন এবং সেই পরিবর্তনের কারণ);
- যদি সন্দেহভাজন ব্যক্তির জন্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয় এবং সন্দেহভাজন ব্যক্তিকে পুনরায় গ্রেপ্তার করা হলে শুনানির ফলাফল; এবং
- সন্দেহভাজন ব্যক্তিকে পুনরায় গ্রেফতার করা হলে কোনো শুনানির ফলাফল।

8.2 যদি সন্দেহভাজন ব্যক্তি দোষ স্বীকার না করেন এবং আপনাকে আদালতে হাজিরা দিতে হয়, তাহলে আপনার অধিকার রয়েছে:

- ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছ থেকে তথ্য প্রাপ্তির 1 কার্যদিবসের মধ্যে (সকল ভুক্তভোগীদের জন্য) উইটনেস কেয়ার ইউনিট আপনাকে জানাবে আপনার কোনো সাক্ষ্য দেওয়ায় প্রয়োজন হবে কিনা;
- আপনার প্রয়োজনগুলো মূল্যায়ন করা হবে এবং একটি উইনেস সাপোর্ট ইউনিটে আপনাকে রেফার করা হবে, সেখান থেকে কেউ এসে বিচারের দিনের আগে আপনাকে আদালতে নিয়ে যাবেন যাতে করে আপনি আদালত ভবন বা অন্য সহায়তা সেবার সাথে পরিচিত হতে পারেন (অধিকার 4 দেখুন); এবং
- কোনো বিশেষ ব্যবস্থার আবেদনের ফলাফল সম্পর্কে বলা হবে (অধিকার 4 দেখুন)।

8.3 যদি আপনার সাক্ষ্য দেওয়ার প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনি আপনার সাক্ষীর বিবৃতি পড়ে (অথবা এটি রেকর্ড করা হয়ে থাকলে তা দেখে) আপনার স্মৃতিকে সতেজ করতে সক্ষম হবেন। সম্ভব হলে, এবং আদালত যদি অনুমতি দেয়, আদালতে যাওয়ার আগে প্রসিকিউটর আপনার সাথে দেখা করে ব্যাখ্যা করবেন কী ঘটবে এবং আপনার যেকোনো প্রশ্নের উত্তর দেবেন।

8.4 আপনি যদি একজন শোকাহত নিকটাত্মীয় হন, তাহলে আপনার ফ্যামিলি লিয়াজোঁ অফিসার বা উইটনেস কেয়ার ইউনিট এর কাছে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে, যাতে করে ভবনটির সাথে নিজেকে পরিচিত করানোর জন্য বিচারের তারিখের আগে আপনাকে আদালতে ভিজিট করায়, আপনার সাক্ষ্য দেওয়া লাগুক বা না লাগুক। ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের প্রসিকিউটর বা অ্যাডভোকেট যিনি আদালতে মামলাটি উপস্থাপন করবেন তার সাথে একটি বৈঠকের প্রস্তাব পাওয়ারও অধিকার আপনার রয়েছে। এই মিটিংটি সাধারণত বিচার শুরু হওয়ার কিছুক্ষণ আগে অনুষ্ঠিত হবে এবং এটি আপনার পরিচয় জানানো এবং আপনার যে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য একটি সুযোগ।

8.5 আদালতে উপস্থিত হওয়ার সময়, এবং যেখানে সম্ভব, আপনি বিবাদীর চেয়ে ভিন্ন একটি প্রবেশদ্বার দিয়ে প্রবেশ করতে পারবেন এবং আপনার মামলার শুনানির আগে এবং পরে অপেক্ষা করার জন্য পৃথক এলাকায় অবস্থান করতে পারবেন। কোনো কোনো আদালত ভবনে বর্তমানে ভুক্তভোগীদের জন্য আলাদা প্রবেশপথ নেই, তবে যেখানে জানানো হবে, আদালত এবং ট্রাইব্যুনাল পরিষেবার কর্মীরা নিশ্চিত করার ব্যবস্থা করবে যাতে আসার সময় আসামীর সাথে আপনার দেখা না হয়।

8.6 বিচার চলাকালীন, আপনাকে সাক্ষ্য দেওয়ার জন্য অপেক্ষা করা লাগতে পারে, আদালত এবং ট্রাইব্যুনাল পরিষেবার কর্মীরা আপনাকে আদালতের অগ্রগতি জানতে যোগাযোগ করার জন্য একটি স্থান নির্ধারণ করে দেবেন (যিনি উইটনেস সাপোর্ট সার্ভিসের একজন সদস্য হতে পারেন), তারা অথবা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের প্রসিকিউটর বা অ্যাডভোকেট বিচারের অগ্রগতি এবং আপনাকে কতক্ষণ অপেক্ষা করতে হবে জানাবেন।

8.7 কখনও কখনও আপনার আরেক দিন আদালতে আসার প্রয়োজন হতে পারে, যদি এমন হয়, তাহলে আদালত এবং ট্রাইব্যুনাল পরিষেবার কর্মীরা বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের প্রসিকিউটর বা অ্যাডভোকেট আপনাকে বলবেন কনে আসতে হবে।

আদালতে হাজিরার সময় সহায়তা

আদালতে উপস্থিত হওয়া যেকোনো ভুক্তভোগীর জন্য উদ্বেগজনক অভিজ্ঞতা হতে পারে। যাহোক, বিচারের আগে আপনার সাথে উইটনেস কেয়ার ইউনিট থেকে যোগাযোগ করা হবে। অনুচ্ছেদ 8.1, 8.2 এবং 8.4-এ তালিকাভুক্ত অধিকারগুলো প্রদানের পাশাপাশি, তারা আপনাকে সাহায্য করার জন্য ব্যবহারিক দিকনির্দেশনা এবং পরামর্শ প্রদান করতে পারে। এতে অন্তর্ভুক্ত:

- আপনাকে বলা হবে আদালতে কী আপনি আশা করতে পারেন এবং আদালতের প্রক্রিয়া সম্পর্কে আপনার যে কোনো প্রশ্নের উত্তর দেওয়া হবে;
- ভুক্তভোগীর বয়স 18 বছরের কম হলে, তাদেরকে তরুণ সাক্ষীদের জন্য তথ্য দেওয়া হবে;
- আদালতে আসার পথনির্দেশনা এবং ভ্রমণ ও থাকার ব্যবস্থার পরিকল্পনা এবং/অথবা আয়োজন করার জন্য সহায়তার প্রস্তাব দেওয়া হবে;
- আপনি যাতে আদালতে হাজিরা দিতে পারেন সেজন্য শিশুর যত্ন নেওয়া বা অতিরিক্ত সহায়তার ব্যবস্থা করতে সাহায্য করা;
- সাক্ষ্য দেওয়ার খরচ এবং ভাতা দাবি করা সম্পর্কে তথ্য দেওয়া;
- সাজার ব্যাপারে আপনার কোনো প্রশ্ন থাকলে উত্তরের জন্য আপনাকে ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছে রেফার করা, যদি উইটনেস কেয়ার ইউনিট জবাব দিতে সক্ষম না হয়, এবং
- আদালতে যাওয়ার আগে, চলাকালীন বা পরে ভুক্তভোগীকে

অধিকার 9: মামলার ফলাফল এবং কোনো আপীল সম্পর্কে তথ্য পাওয়া

9.1 মামলার শেষে, উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক আপনাকে মামলার ফলাফল, সেইসাথে যেখানে উপলব্ধ, আদালতের সিদ্ধান্তের কারণগুলোর একটি সংক্ষিপ্ত সারাংশ, [পাদটীকা 37] সহ ফলাফল জানানোর অধিকার আপনার রয়েছে, তারা আদালত থেকে মামলার ফলাফল পাওয়ার 1 কার্যদিবসের মধ্যে, যা মামলার ফলাফল হওয়ার 5 কার্যদিবসের মধ্যে হতে হবে।.

9.2 যদি আসামীকে দোষী সাব্যস্ত করা হয় (দোষ প্রমাণিত হয়), তাহলে উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক আপনাকে তারা যে সাজা পেয়েছে, সেইসাথে একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা সহ সাজার অর্থ ও প্রভাব সম্পর্কে আপনাকে জানানোর অধিকার আপনার রয়েয়েছে, তারা আদালত থেকে তথ্য পাওয়ার 1 কার্যদিবসের মধ্যে, যা মামলার ফলাফল হওয়ার 5 কার্যদিবসের মধ্যে হতে হবে। যদি সাজার ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকে যার উত্তর উইটনেস কেয়ার ইউনিট দিতে অক্ষম, সেক্ষেত্রে আপনাকে ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছে রেফার করার অধিকার আপনার রয়েছে, তারা এমন যেকোনো প্রশ্নের উত্তর দেবেন যা উইটনেস কেয়ার ইউনিট দিতে সক্ষম হয়নি।

9.3 আপনি যদি একজন শোকাহত নিকটাত্মীয় হন, তাহলে ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে নিম্নোক্ত বিষয়ে মিটিং করার প্রস্তাব পাওয়ার অধিকার আপনার রয়েছে:

- দোষী সাব্যস্ত হওয়ার পরে, কিন্তু আসামীর সাজার শুনানি হওয়ার আগে, কোনো ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট দেওয়া হয়েছে কিনা বা সেটা হালনাগাদ আছে কিনা নিশ্চিত করা (এই মিটিং সাধারণত আদালতে অনুষ্ঠিত হবে);
- সাজার শুনানি শেষ হওয়ার পরে, প্রদত্ত সাজা ব্যাখ্যা করা (এই মিটিং সাধারণত আদালতে অনুষ্ঠিত হবে);
- যে ক্ষেত্রে আসামীকে দোষী সাব্যস্ত করা হয়নি বা কম গুরুতর অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছে সেক্ষেত্রে মামলার কার্যক্রম শেষ হওয়ার কয়েক সপ্তাহ পরে একটি মিটিং এর প্রস্তাব দেওয়া হবে, যদি না ক্রাউন প্রসিকিউশন সার্ভিস সিদ্ধান্ত নেয় যে এটি যথাযথ হবে না। খুব কম ক্ষেত্রে তারা সিদ্ধান্ত নেয় যে কোনো মিটিং করা যথাযথ হবে না, তাদের এই সিদ্ধান্তটি আপনাকে ব্যাখ্যা করা হবে। মিটিং এর প্রকৃত সময় পরিবারের ইচ্ছা অনুযায়ী স্থির করা হবে এবং কখন এটি হওয়া উচিত তা নিয়ে আলোচনা করার জন্য আপনার সাথে যোগাযোগ করা হবে; এবং
- কোনো খুনের মামলায় যদি সকল আসামীকে সব অভিযোগের জন্য দোষী সাব্যস্ত করা না হয়, তবে পুলিশ ও ক্রাউন প্রসিকিউশন সার্ভিস শোকাহত পরিবারকে সহায়তার জন্য ন্যাশনাল স্ট্যান্ডার্ডস অফ সাপোর্ট (সেবার জাতীয় মানদণ্ড) অনুযায়ী নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করবে। ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের ওয়েবসাইটে ন্যাশনাল স্ট্যান্ডার্ডস অফ সাপোর্ট এর তথ্য এখানে পাওয়া যাবে: www.cps.gov.uk এবং পুলিশ শোকসন্তপ্ত পরিবারগুলোকে পুলিশ শোকসজ্জা প্যাকের অংশ হিসাবে একটি অনুলিপি সরবরাহ করবে।

আপনি যদি মনে করেন অপরাধীকে দেওয়া সাজা অনেক কম হয়েছে

9.4 ক্রাউন কোর্টে দেওয়া কিছু সাজার (কিন্তু সবকটি নয়) ক্ষেত্রে [পাদটীকা 38] আপনি অ্যাটর্নি জেনারেলকে [পাদটীকা 39] অনুরোধ করতে পারেন যাতে সাজাটি পুনর্বিবেচনা করার জন্য আপীল আদালতে পাঠানো হয়। এটি কেবল তখনই করা যেতে পারে যদি অ্যাটর্নি জেনারেল মনে করেন যে প্রদত্ত সাজাটি কেবলই হালকা নয় বরং 'অতিশয় হালকা', [পাদটীকা 40] এবং সাজা প্রদানকারী বিচারকের কোনো গুরুতর ত্রুটি হয়েছে বা এই মামলার পরিস্থিতিতে যুক্তিসঙ্গতভাবে উপলব্ধ সাজার আওতার বাইরে একটি সাজা প্রদান করা হয়েছে।

9.5 যদি অ্যাটর্নি জেনারেল মনে করেন যে সাজাটি 'অতিশয় হালকা' হওয়ার মানদণ্ড পূরণ করেছে, তবে মামলাটি আপীল আদালতে পাঠানো হবে। অ্যাটর্নি জেনারেলকে অবশ্যই সাজা দেওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব বিষয়টি বিবেচনা করতে হবে এবং সাজা কার্যকরের 28 ক্যালেন্ডার দিবসের পরে নয় (ব্যবসায়িক সময় এবং বিবেচনার জন্য পর্যাপ্ত সময় সহ)। আপীল আদালত সম্মত হলে সাজা বাড়িয়ে দিতে পারে।

9.6 যখন আপনাকে মামলার সাজা সম্পর্কে বলা হবে তখন উইটনেস কেয়ার ইউনিট আপনাকে স্কিমটি সম্পর্কে জানাবে।

যদি অপরাধী আপীল করে

9.7 কখনও কখনও অপরাধী আদালতকে মামলা বা সাজা আবার দেখতে বলবে। এটাকে বলা হয় আপীল। পরবর্তীতে কী ঘটবে তা নির্ভর করবে অপরাধীকে আপীল করার অনুমতি দেওয়া হয়েছে কিনা এবং দেওয়া হলে, সেই আপীলের ফলাফলের উপর।

যদি ম্যাজিস্ট্রেট আদালতে দোষী সাব্যস্ত হওয়া বা সাজার বিরুদ্ধে ক্রাউন কোর্টে আপীলের আবেদন করা হয়

9.8 অপরাধী যদি ক্রাউন কোর্টে আপীল করে, তাহলে আদালত থেকে তথ্য প্রাপ্তির 1 কার্যদিবসের মধ্যে উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক শুনানির ফলাফলের 5 কার্যদিবসের মধ্যে আপনাকে জানানোর অধিকার আপনার রয়েছে:

- একটি আপীলের নোটিশ করা হয়েছে;
- কোনো শুনানির তারিখ, সময় এবং স্থান; এবং
- আপীলের ফলাফল, মূল সাজার আদেশে কোনো পরিবর্তন সহ।

9.9 আপনি যদি আপীলে অংশ নিতে চান, তাহলে আদালতের কর্মীদের দ্বরা আপনার জন্য ব্যবস্থা করার অধিকার আপনার রয়েছে:

- যদি সম্ভব হয়, আদালতে অপরাধী এবং তাদের পরিবার এবং বন্ধুদের থেকে আলাদা স্থানে বসুন এবং অপেক্ষা করুন;
- ক্রাউন কোর্টে একটি যোগাযোগ করার কেন্দ্র প্রদান করা হবে; এবং
- যথাযথ এবং উপলব্ধ হলে, ভুক্তভোগীদেরকে সহায়তা করে এমন পরিষেবাগুলো সম্পর্কে তথ্য দেওয়া হবে।

যদি আপীল আদালতে দোষী সাব্যস্ত হওয়া বা সাজার বিরুদ্ধে আপীল করার জন্য আবেদন করা হয়, বা আইনের বিধান অনুসারে ফৌজদারি মামলায় যুক্তরাজ্যের সুপ্রিম কোর্টে আবেদন বা আপীল করা হয়

9.10 যদি অপরাধী আপীল কোর্টে বা ইউকে সুপ্রিম কোর্টে আপীল করে, তাহলে আদালত থেকে তথ্য প্রাপ্তির 5 কার্যদিবসের মধ্যে (বর্দ্ধিত অধিকারের অধীনে 1 কার্যদিবস) উইটনেস কেয়ার ইউনিট কর্তৃক নিম্নোক্ত তথ্য আপনাকে জানানোর অধিকার আপনার রয়েছে, যা প্রাসঙ্গিক শুনানির ফলাফলের 5 কার্যদিবসের মধ্যে হতে হবে:

- যদি অপরাধীকে দোষী সাব্যস্ত হওয়া, সাজার বিরুদ্ধে বা আইনের বিধান অনুসারে আপীল করার অনুমতি দেওয়া হয়;
- কোনো শুনানির তারিখ, সময় এবং স্থান, এবং এই তথ্যের কোনো পরিবর্তন (সকল ভিকটিমদের জন্য 1 কার্যদিবসের মধ্যে);
- যদি অপরাধীকে প্রাক-আপীল জামিনে মুক্তি দেওয়া হয় বা যদি জামিনের শর্ত পরিবর্তন করা হয় (সকল ভুক্তভোগীর জন্য 1 কার্যদিবসের মধ্যে);
- যোগাযোগের জন্য ফৌজদারি আপীল অফিস বা ইউকে সুপ্রিম কোর্টের কর্মীদের একজনের নাম;
- আপীলের ফলাফল, মূল সাজায় কোনো পরিবর্তন সহ, এবং
- এই মামলায় আদালতের রায় প্রকাশিত হওয়ার পরে তার একটি অনুলিপির জন্য ক্রিমিনাল আপীল অফিস বা যুক্তরাজ্যের সুপ্রিম কোর্টের কর্মীদের কাছে কীভাবে অনুরোধ করবেন।

9.11 আপনি যদি আপীলে অংশ নিতে চান, আদালতের কর্মী বা ইউকে সুপ্রিম কোর্টের কর্মীদের দ্বারা আপনার জন্য ব্যবস্থা করার অধিকার আপনার রয়েছে।

- যদি সম্ভব হয়, আদালতে অপরাধী এবং তাদের পরিবার এবং বন্ধুদের থেকে আলাদা স্থানে বসুন এবং অপেক্ষা করুন; এবং
- অপরাধী আদালতে উপস্থিত থাকলে এবং আপনি আদালত কক্ষে বসতে না চাইলে আপনার জন্য বিশেষ ব্যবস্থা করা হবে (সুপ্রিম কোর্টের শুনানিতে অপরাধীর আসার ঘটনা বিরল)।ে।

9.12 অপরাধীকে আপীল করার অনুমতি দেওয়ার সিদ্ধান্তের পরে, আপনি যদি একজন শোকাহত নিকটাত্মীয় হন, তাহলে আপীলের প্রকৃতি এবং আদালতের প্রক্রিয়াগুলো ব্যাখ্যা করার জন্য ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে একটি বৈঠকের প্রস্তাব পাওয়ার অধিকার আপনার রয়েছে।

9.13 কোনো সাজার বিরুদ্ধে আপীলের বিপরীতে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে, আদালত সর্বদা ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট বিবেচনা করবে যা সাজা প্রদানকারী মূল আদালত দ্বারা বিবেচনা করা হয়েছিল।

9.14 আপীল আদালতে আর অতিরিক্ত কোনো ব্যক্তিগত বিবৃতি প্রদানের জন্য সাধারণত প্রয়োজন হয় না। অবশ্য, যদি এমন কোনো তথ্য থাকে যে অপরাধটি আপনার উপর ক্রমাগতভাবে প্রভাব ফেলে আসছে যা আদালতের জানা উচিত, সেক্ষেত্রে পুলিশ বা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের মাধ্যমে একটি নতুন বা আরেকটি ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট আদালতে পাঠানো হতে পারে।

ক্রিমিনাল কেস রিভিউ কমিশন

9.15 ক্রিমিনাল কেস রিভিউ কমিশন ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডে ফৌজদারি বিচারের ক্ষেত্রে সঠিক বিচার করতে আদালতের ব্যর্থতা তদন্ত করে। কোনো অপরাধী কমিশনের কাছে তাদেরকে দোষী সাব্যস্ত করার বিষয়টি এবং/অথবা সাজার পর্যালোচনা করার জন্য আবেদন করতে পারে, যদি নতুন কোনো তথ্য বা নতুন যুক্তি থাকে যার অর্থ হতে পারে দোষী সাব্যস্ত হওয়া ঠিক হয়নি বা সাজাটি খুব দীর্ঘ।

9.16 কমিশন কর্তৃক কোনো মামলা পর্যালোচনা করার সময়, আপনার উপর সম্ভাব্য প্রভাব মূল্যায়ন করবে এবং আপনাকে অবহিত করা উচিত কিনা তা নির্ধারণ করবে।

9.17 কমিশন শুধুমাত্র একটি আবেদন পাওয়ার কারণেই আপনার সাথে সাধারণত যোগাযোগ করার চেষ্টা করবে না। এর কারণ হল অধিকাংশ ক্ষেত্রে পর্যালোচনার বিষয়টি আপীল আদালতে রেফার করা হয় না, এবং সেই কারণে আপনাকে সতর্ক করার কোন প্রয়োজন হয় না যে অপরাধী আবেদন করেছে। তবে, কমিশন যদি মনে করে মিডিয়া বা অন্য উৎস থেকে আপনার জানার যুক্তিসঙ্গত সম্ভাবনা আছে যে তারা কোনো একটি মামলা পর্যালোচনা করছেন সেক্ষেত্রে তারা আপনাকে জানাবে। কমিশন সাধারণত কোনো আবেদনের বিষয়ে আপনাকে অবহিত করার জন্য পুলিশের সাথে কাজ করবে এবং তারা মামলাটি রেফার করবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হলে আপনার সাথে আবার যোগাযোগ করবে।

9.18 কমিশন যদি সিদ্ধান্ত নেয় যে পর্যালোচনার সময় আপনার সাথে যোগাযোগ করা যথাযথ নয়, কিন্তু পরবর্তীতে দোষী সাব্যস্ত হওয়া বা সাজার বিষয়টি আদালতে রেফার করার সিদ্ধান্ত নেয়, সেক্ষেত্রে কমিশন আপীলের জন্য মামলাটি রেফার করার আগে আপনার সাথে যোগাযোগ করার যথাসাধ্য চেষ্টা করবে।

অধিকার 10: খরচকৃত অর্থ এবং সম্পত্তি ফেরত পাওয়া

10.1 আপনি যদি সাক্ষ্য দেওয়ার জন্য আদালতে উপস্থিত হন [পাদটীকা 41], তাহলে ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের কাছ থেকে কিছু খরচ দাবি করার অধিকার আপনার রয়েছে, [পাদটীকা 42] উদাহরণস্বরূপ, ভ্রমণ, শিশুর যত্ন, উপার্জনের ক্ষতি, জলখাবার এবং খাবারের জন্য (আরও বিশদ বিবরণ ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের ওয়েবসাইটে পাওয়া যাবে: www.cps.gov.uk). খরচ দাবি করার বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকলে উইটনেস কেয়ার ইউনিট সাহায্য করতে পারবে।

10.2 ক্রাউন প্রসিকিউশন সার্ভিস একটি সঠিকভাবে পূরণ করা দাবির ফর্ম পাওয়ার 10 কার্যদিবসের মধ্যে আপনার বকেয়া কোনো খরচ পরিশোধ করবে।

10.3 যদি পুলিশ আপনার কোনো সম্পত্তিকে প্রমাণ হিসেবে নিয়ে যায়, তাহলে আর প্রয়োজন না থাকায় তা ফেরত পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনার সম্পত্তি ফেরত পাওয়া নিয়ে কোনো প্রশ্ন থাকলে পুলিশ সাহায্য করতে পারবে।

অধিকার 11: দোষী সাব্যস্ত হওয়ার পরে অপরাধী সম্পর্কে তথ্য পাওয়া

ভিকটিম কন্টাক্ট স্কিম

11.1 আপনি যদি ভুক্তভোগী বা শোকাহত পরিবারের আত্মীয় হন এবং অপরাধী একটি নির্দিষ্ট হিংসাত্মক বা যৌন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়, এবং 12 মাস বা তার বেশি কারাদণ্ডে দণ্ডিত হয় (অথবা মেন্টাল হেলথ অ্যাক্ট 1983 এর অধীনে চিকিৎসার জন্য কোনো বিধিনিষেধ সহ বা বিধিনিষেধ ছাড়া হাসপাতালে আটক রাখা হয়), সেক্ষেত্রে আপনার অধিকার রয়েছে সাজা হওয়ার 10 কার্যদিবসের মধ্যে আপনাকে স্বয়ংক্রিয়ভাবে ন্যাশনাল প্রোবেশন সার্ভিস এর ভিকটিম কন্টাক্ট স্কিমে রেফার করা হবে এবং আপনার জন্য একজন ভিকটিম লিয়াজোঁ অফিসার নিয়োগ করা হবে। ভিকটিম লিয়াজোঁ অফিসার রেফারেলের 20 কার্যদিবসের মধ্যে আপনার সাথে যোগাযোগ করবেন।

11.2 আপনি যদি ভিকটিমস কন্টাক্ট স্কিম গ্রহণ করতে চান, সেক্ষেত্রে আপনি অপরাধীর শাস্তির গুরুত্বপূর্ণ পর্যায়গুলো সম্বন্ধে তথ্য পাওয়ার অধিকারী (11.3 দেখুন)। ভিকটিমস কন্টাক্ট স্কিম থেকে যেকোনো সময় আপনি বেরিয়ে যেতে পারেন এবং অপরাধী সাজা খাটার সময়কালীন/হাসপাতালে আটক থাকাকালীন আবার ফিরে আসতে পারেন।

11.3 ভিকটিম লিয়াজোঁ অফিসার আপনাকে বলবেন:

- কারাগারে বা হাসপাতালে অপরাধীকে আটকে রাখার জন্য আদালতের দেওয়া সাজার অর্থ কী এবং যদি তাদের সাজার কোনো পরিবর্তন হয়;
- কারাগারে থাকা একজন অপরাধী কখন উন্মুক্ত অবস্থায় স্থানান্তরের জন্য বিবেচিত হওয়ার যোগ্য হবেন;
- যদি কোনো বন্দী উন্মুক্ত অবস্থায় চলে যায়;
- যখন অপরাধীকে মুক্তি দেওয়া বা শর্তসাপেক্ষে ছাড়ার জন্য বিবেচনা করা হবে;
- যখন অপরাধীকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া বা মুক্তি হয়, এবং যদি তাদেরকে কারাগারে বা হাসপাতালে ফিরিয়ে আনা হয়;
- প্যারোল বোর্ড কর্তৃক অপরাধীকে কারাগার থেকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার সময় বোর্ডের বিবেচনার জন্য কীভাবে একটি ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট তৈরি করতে হবে;
- প্যারোল বোর্ডের সামনে আপনার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট পড়ার জন্য কীভাবে আবেদন করবেন, অথবা আপনার পক্ষে এটি পড়ে শোনানো হবে, অথবা প্যারোল বোর্ড মৌখিক শুনানি করলে কীভাবে একটি প্রাক-রেকর্ডিং করবেন;
- কমিউনিটিতে অপরাধীর সামনা-সামনি হওয়ার সম্ভাবনা কমাতে বা তাদেরকে আপনার সাথে যোগাযোগ করা থেকে বিরত রাখার জন্য লাইসেন্স/ডিসচার্জ-এ শর্ত আরোপ করার জন্য কীভাবে আবেদন করবেন;

- আপনার সাথে সম্পর্কিত যেকোনো লাইসেন্স/ডিসচার্জ-এর শর্ত এবং সেগুলো শেষ হওয়ার তারিখ অথবা শর্তগুলোতে কোনো পরিবর্তন করা বা তুলে নেওয়ার অনুরোধ করা হলে;
- প্যারোল বোর্ডের সিদ্ধান্তের সারসংক্ষেপ কীভাবে চাইতে হবে এবং প্যারোল বোর্ড যেখানে অপরাধীকে মুক্তি দেওয়া নিরাপদ বলে সিদ্ধান্ত নেয় সেখানে কীভাবে প্রতিবাদ করতে হবে;
- যদি অপরাধী হেফাজত থেকে পালিয়ে যায় বা পলাতক হয়;
- অপরাধীকে সবচেয়ে গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হলে কীভাবে তথ্য চাইতে হবে (11.18 - 11.19 দেখুন); এবং
- কীভাবে পুনর্বিবেচনার জন্য অনুরোধ করতে হবে (যদি যোগ্য হন) (11.9 - 11.10 দেখুন)।

11.4 সংবিধিবদ্ধ অপরাধের ক্ষেত্রে ভুক্তভোগীদেকে ভিকটিমস কন্টাক্ট স্কিম অফার করা হয়, এর পাশাপাশি ন্যাশনাল প্রোবেশন সার্ভিস কর্তৃক ভুক্তভোগীদেরও এই স্কিমের সুযোগ দেওয়া হয় যদি অপরাধীকে নিম্নোক্ত কারণে 12 মাস বা তার বেশি কারাদণ্ড দেওয়া হয় (অথবা মেন্টাল হেলথ অ্যাক্ট 1983 এর অধীনে কোনো বিধিনিষেদ সহ বা বিধিনিষেধ ছাড়া মানসিক চিকিৎসার জন্য হাসপাতালে আটক রাখা হয়):

- অসতর্ক বা অবিবেচক ড্রাইভিং এর কারণে কারো মৃত্যু ঘটানো (রোড ট্রাফিক অ্যাক্ট 1988);
- বিপজ্জনক ড্রাইভিং কারো গুরুতর আঘাতের কারণ হলে (রোড ট্রাফিক অ্যাক্ট 1988); বা
- অন্তরঙ্গ বা পারিবারিক সম্পর্কের ক্ষেত্রে নিয়ন্ত্রণ বা জবরদস্তিমূলক আচরণ (সিরিয়াস ক্রাইম অ্যাক্ট 2015)।

18 বছরের কম বয়সী অপরাধীদের শিকার

11.5 যদি আপনার মামলায় অপরাধীর বয়স 18 বছরের কম হয় এবং আপনি ভিকটিমস কন্টাক্ট স্কিমের জন্য যোগ্য না হন, তাহলে ইয়ুথ অফেন্ডিং টিম আপনার সাথে সরাসরি যোগাযোগ করতে পারে। এটি এমন ক্ষেত্রে যেখানে একজন কম বয়সী অপরাধীকে 12 মাসের কম কারাদণ্ড, অযৌন বা অহিংস অপরাধের জন্য বা কমিউনিটি-ভিত্তিক আদেশ হিসাবে 12 মাস বা তার বেশি সাজা দেওয়া হয়। কমিউনিটি-ভিত্তিক আদেশে একজন অপরাধী বিভিন্ন শর্তের অধীনে থেকে কারাগারের পরিবর্তে কমিউনিটিতে তাদের সাজা খাটে।

11.6 ইয়ুথ অফেন্ডিং টিম সাজা ঘোষণার আগে আপনার মতামত চাইতে পারে এবং আপনি যেকোনো রেস্টোরেটিভ জাস্টিস এর উদ্যোগে (অধিকার 3 দেখুন) যুক্ত হতে চান কিনা জানতে চাইতে পারে, যদি সেটা যথাযথ হয় এবং উপলব্ধ থাকে।

11.7 ইয়ুথ অফেন্ডিং টিম থেকে নিম্নলিখিত তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে:

- অনুরোধের ভিত্তিতে অপরাধীর মামলার অগ্রগতি সম্পর্কে তথ্য; এবং
- উপযুক্ত পরিষেবাগুলোর তথ্য যা ভুক্তভোগীদেরকে সহায়তা করে, যদি আপনি অতিরিক্ত সহায়তা চান।

প্যারোল বোর্ড

11.8 প্যারোল বোর্ড [পাদটীকা 46] অবশ্যই:

- ভুক্তভোগীরা লাইসেন্সে যেসব শর্তাবলী যোগ করার জন্য অনুরোধ করেছেন সেগুলোকে বিবেচনা করবেন; যদি লাইসেন্সে ভুক্তভোগীর অনুরোধকৃত কোনো শর্ত যোগ করা না হয়, অথবা শর্তে কোনো পরিবর্তন করা হয়, সেক্ষেত্রে যোগ না করা বা পরিবর্তন করার কারণ হিসাবে ব্যাখ্যা প্রদান করবেন;
- কোনো ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট জমা দেওয়া হলে সেটি পড়বেন;
- ভুক্তভোগী তার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট নিজে পড়ার জন্য শুনানিতে উপস্থিত থাকার অনুমতি চেয়ে অথবা তার পক্ষে অন্য কেউ পড়ার জন্য কোনো আবেদন করলে সেটি বিবেচনা করবেন;
- উপযুক্ত কোনো কারণ না থাকলে, শুনানিতে ভুক্তভোগী বা তাদের পক্ষে অন্য কেউ কর্তৃক ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট পড়ার ব্যাপারে সম্মত হবেন; এবং
- আবেদন করা হলে প্যারোলের সিদ্ধান্তের একটি সারসংক্ষেপ প্রদান করবেন, যদি না এটি না করার কোনো উপযুক্ত কারণ থাকে। [পাদটীকা 47]

প্যারোল বোর্ড এবং ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট

আমি কখন প্যারোল বোর্ডের কাছে একটি ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট দিতে পারি?

প্যারোল পর্যালোচনার আগে যে কোনো সময় আপনি একটি নতুন ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট তৈরি করতে পারেন, তবে প্যারোল বোর্ড এটি পড়ার জন্য উপযুক্ত সময়ে জমা দিতে হবে। প্যারোলে মৌখিক শুনানি করা হলে ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট কমপক্ষে শুনানির আট সপ্তাহ আগে অগ্রিম জমা দিতে হবে। দেরিতে ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট জমা দেওয়ার সুযোগ দানের জন্য কোনো প্যারোল শুনানি বিলম্বিত হওয়ার সম্ভাবনা নেই।

আমি কি আমার মত পরিবর্তন করতে পারি বা আমার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট আপডেট করতে পারি?

আপনি আপনার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট আপডেট করতে পারেন বা একটি নতুন লিখতে পারেন, তবে প্রথমে আপনার পূর্ববর্তী সংস্করণটি প্রত্যাহার করতে হবে। প্রতিটি প্যারোল পর্যালোচনার জন্য আপনি একটি নতুন স্টেটমেন্ট লিখতে পারেন।

অপরাধী কি আমার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট দেখতে পারবে?

অন্যের অভিমত অগ্রাহ্য করার নীতি (ওভাররাইডিং) অনুযায়ী অপরাধী প্যারোল পর্যালোচনা সম্পর্কিত সকল তথ্য দেখতে পারবে, যদি না খুব ব্যতিক্রমী পরিস্থিতিতে প্যারোল বোর্ড অপরাধীর কাছে এটি প্রকাশ না করতে সম্মত হয়। এই অনুশীলনটি আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থার মৌলিক নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ। যাহোক, আপনি যদি চান যে অপরাধী আপনার বিবৃতি পড়তে পারবেন না সেক্ষেত্রে আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসারকে নন-ডিসক্লোজার আবেদনের অধীনে আপনার বিবৃতি প্রকাশ না করার জন্য আবেদন করার জন্য বলতে পারেন। এর জন্য কিছু নিয়ম আছে যেগুলো অনুসরণ করতে হবে, যেমন, অনুরোধ করার জন্য একটি কঠোর সময়সীমা (মৌখিক শুনানির আট সপ্তাহ আগে) এবং কখন তথ্য আটকে রাখা যেতে পারে তার নির্দিষ্ট কারণসমূহ, যা প্যারোল বোর্ড রুলস 2019-এ বর্ণিত আছে। তবে চূড়ান্ত সিদ্ধান্ত প্যারোল বোর্ডের উপর নির্ভর করে। যদি বোর্ড আপনার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট প্রকাশ না করতে রাজি হয়, তবুও বন্দীর সলিসিটর এটি দেখার সুযোগ পেতে পারেন, যদিও তিনি বন্দীর কাছে এটি প্রকাশ করতে পারবেন না। আপনি যদি প্রকাশ না করার অনুরোধ করেন এবং প্যারোল বোর্ড তা প্রত্যাখ্যান করে, সেক্ষেত্রে আপনি আপনার ভিকটিম পারসোনাল স্টেটমেন্টটি প্রত্যাহার করে নিতে পারবেন।

আরও প্রশ্ন বা আপনার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট রেকর্ড করতে সাহায্য করা

ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট তৈরি করার বিষয়ে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, এটি কীভাবে ব্যবহার করা হবে বা কী কী অন্তর্ভুক্ত করতে হবে জানতে আপনি আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসারের সাথে কথা বলতে পারেন। তারা আপনাকে আপনার ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট রেকর্ড করতে সাহায্য করতে পারবেন।

প্যারোলের সিদ্ধান্ত পর্যালোচনা করার জন্য বলা [পাদটীকা 48] (পুনর্বিবেচনা প্রক্রিয়া)

11.9 প্যারোল বোর্ড কিছু নির্দিষ্ট অপরাধীকে প্যারোলে মুক্তি (লাইসেন্সের অধীনে মুক্তি) বা প্যারোল প্রত্যাহারের পরে পুনরায় মুক্তি দেওয়ার জন্য বিবেচনা করে থাকে এবং তারা এটা করে থাকে অপরাধীর জন্য জনসাধারণের ক্ষতির ঝুঁকি বিবেচনা করে।

11.10 যদি প্যারোল বোর্ড সিদ্ধান্ত নেয় যে কোনো অপরাধীকে মুক্তি দেওয়া নিরাপদ, তবে অধিকাংশ ক্ষেত্রেই সিদ্ধান্তটি 21 ক্যালেন্ডার দিবসের জন্য অস্থায়ীভাবে কার্যকর হয় (স্ট্যান্ডার্ড ডিটারমিনেট রিকল ব্যতীত [পাদটীকা 50])। সেক্রেটারি অফ স্টেট প্যারোল বোর্ডকে এই সময়ের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার জন্য বলতে পারেন, যদি তার কাছে কোনো তর্কযোগ্য যুক্তি থাকে যে: - প্যারোলের জন্য অপরাধীর পর্যালোচনায় সঠিক প্রক্রিয়া অনুসরণ করা হয়নি - উদাহরণস্বরূপ, কোনো গুরুত্বপূর্ণ প্রমাণ গ্রহণ করা হয়নি অথবা - সিদ্ধান্তটি ছিল অযৌক্তিক – যেসব ঝুঁকির প্রমাণ বিবেচনা করা হয়েছে তার ভিত্তিতে সিদ্ধান্তটি ন্যায়সঙ্গত হতে পারে না।

একজন ভুক্তভোগী হিসাবে আপনি সেক্রেটারি অফ স্টেট বরাবর একটি অনুরোধ জানাতে পারেন যে পুনর্বিবেচনার জন্য একটি আবেদন করা হয়েছে, যদি আপনি মনে করেন যে সিদ্ধান্তটি এই পরীক্ষাসমূহের যেকোনোটি পূরণ করে। আপনার অনুরোধ অবশ্যই 21 দিনের

অস্থায়ী সময়সীমার মধ্যে জমা দিতে হবে। সেক্রেটারি অফ স্টেট কেবল তখনই তা করবেন যদি প্রমাণ হয় যে মানদণ্ড পূরণ হয়েছে। সেক্রেটারি অফ স্টেট পুনর্বিবেচনার জন্য আবেদন করেছেন কিনা তা জানিয়ে আপনি একটি চিঠি পাঠানো হবে।

যৌন অপরাধীর বিজ্ঞপ্তির শর্ত পর্যালোচনার প্রক্রিয়া

11.11 নিবন্ধিত যৌন অপরাধীরা 'বিজ্ঞপ্তি প্রদানের শর্তের' অধীন। এর অর্থ হচ্ছে তাদের কিছু ব্যক্তিগত তথ্য পুলিশকে জানাতে হবে। বিজ্ঞপ্তি প্রদানের শর্তগুলো যৌন অপরাধ আইন 2003 এর তফসিল 3-এ বর্ণিত অপরাধে দোষী সাব্যস্ত হলে বা সতর্কীকরণ করা হলে স্বয়ংক্রিয় পরিণতি হিসাবে কার্যকর হবে, তবে কোনো অপরাধীকে কতদিন পর্যন্ত এই শর্তের অধীন থাকতে হবে তা নির্ভর করবে তাদেরকে দেওয়া সাজার উপর। বিজ্ঞপ্তির শর্ত লঙ্ঘন করা একটি ফৌজদারি অপরাধ এবং পাঁচ বছর পর্যন্ত কারাদণ্ডের সাজা হতে পারে।

11.12 যেসব অপরাধী তাদের সারা জীবনের জন্য বিজ্ঞপ্তির শর্তের অধীন তারা তাদের প্রথম বিজ্ঞপ্তির পর একটি নির্দিষ্ট সময় অতিবাহিত হলে এটি পর্যালোচনা করার জন্য আবেদন করতে পারে, যা সাধারণত তারা কারাগার থেকে মুক্তির পরে হয়ে থাকে। নির্ধারিত সময়কাল প্রাপ্তবয়স্কদের জন্য 15 বছর এবং কিশোরদের জন্য 8 বছর। যদি অপরাধী এমন একটি আবেদন করে, সেক্ষেত্রে পুলিশ অপরাধীর বিজ্ঞপ্তির শর্ত তুলে নেওয়া যেতে পারে কিনা সিদ্ধান্ত নেওয়ার জন্য ঝুঁকি মূল্যায়ন সহ একটি পর্যালোচনা করবে। যৌন অপরাধীদের মূল্যায়ন করার পরে যদি দেখা যায় তাদের জন্য এখনো ঝুঁকি রয়েছে সেক্ষেত্রে তাদের বিজ্ঞপ্তির শর্ত বহাল থাকবে এবং প্রয়োজন হলে তাদের সারা জীবনের জন্য।

11.13 আপনি যদি এমন কোনো অপরাধীর শিকার হন যিনি এই ধরনের একটি আবেদন করেছেন, সেক্ষেত্রে পুলিশ কর্তৃক তাদের পর্যালোচনার অংশ হিসেবে আপনার মতামত নেওয়ার জন্য যোগাযোগ করার অধিকার আপনার রয়েছে। আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসার আপনাকে এই প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য প্রদান করবেন।

যেসব অপরাধী বিদেশি নাহরিক

11.14 আপনি যদি কোনো বিদেশী নাগরিক দ্বারা সংঘটিত অপরাধের শিকার হন এবং অপরাধী: - আপনার বিরুদ্ধে অপরাধের কারণে 12 মাস বা তার বেশি সময়ের কারাদণ্ড বা হাসপাতালে আটক থাকার আদেশ পেয়ে থাকেন; - আপনার বিরুদ্ধে অপরাধের কোনো আদালত তাকে দেশ থেকে বিতাড়ন করার জন্য সুপারিশ করে; অথবা – কোনো হিংসাত্মক বা যৌন অপরাধের জন্য কারাগারে একটি মেয়াদে দন্ডিত হয়েছিল

তাহলে অপরাধীকে দেশ থেকে বিতাড়ন সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি এই তথ্য না পাওয়ার বিকল্পও বেছে নিতে পারেন। ন্যাশনাল প্রোবেশন সার্ভিস (ভিকটিম লিয়াজোঁ অফিসার এবং অফেন্ডার ম্যানেজারগণ) কর্তৃক অভিবাসন কর্তৃপক্ষের

সাথে কাজ করার জন্য সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করতে হবে, যাতে বন্দীর অভিবাসন অবস্থা এবং নির্বাসন সংক্রান্ত তথ্য, যতদূর সম্ভব, ভুক্তভোগীদের কাছে পাঠানো যায়।

11.15 আপনি যদি 11.14-এ বর্ণিত অপরাধের শিকার হয়ে থাকেন, তাহলে ভিকটিমস কন্টাক্ট স্কিম (11.1 দেখুন) কর্তৃক নিয়োজিত আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসার আপনার পক্ষ হয়ে হোম অফিস থেকে আপডেট পেতে সক্ষম হবেন।

11.16 আপনি যদি ভিকটিমস কন্টাক্ট স্কিমের জন্য যোগ্য না হন বা এই স্কিমে যোগ দেননি কিন্তু আপনি মানদণ্ড পূরণ করেছেন (11.14 দেখুন), সেক্ষেত্রে হোম অফিসের ভিকটিম সাপোর্ট টিম এর কাছ থেকে সরাসরি বিদেশী নাগরিক অপরাধীর অভিবাসন সংক্রান্ত তথ্যের আপডেট চাওয়ার অধিকার আপনার রয়েছে।

11.17 হোম অফিসের ভিকটিম সাপোর্ট টিম আপনাকে বলতে পারবে: - হোম অফিস অপরাধীকে দেশ থেকে বিতাড়নের ব্যবস্থা নিতে চায় কিনা; - বিতাড়নের বিরুদ্ধে কোনো আপীলের চূড়ান্ত ফলাফল; - অপরাধী কখন ইমিগ্রেশন ডিটেনশন থেকে থেকে মুক্তি পাবে; - কখন অপরাধীকে নির্বাসিত করা হয়েছে; অথবা - যদি অপরাধীকে নির্বাসিত করা না হয় এবং যদি সম্ভব হয়, তার কারণ।

গুরুতর আরও অপরাধ পর্যালোচনা

11.18 যদি কোনো অপরাধী প্রবেশন সার্ভিসের সংবিধিবদ্ধ তত্ত্বাবধানে থাকা অবস্থায় অথবা তত্ত্বাবধানের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরে আরেকটি গুরুতর অপরাধ করে [পাদটীকা 51], সেক্ষেত্রে মামলাটি কীভাবে পরিচালিত হয়েছিল এবং ভবিষ্যতে মামলা পরিচালনা করার জন্য কোন বিশেষ উন্নতিসাধন করার প্রয়োজন আছে কিনা তদন্ত করার উদ্দেশ্যে প্রবেশন সার্ভিস গুরুতর আরও অপরাধ সম্পর্কিত একটি পর্যালোচনা করবে।

11.19 সবচেয়ে গুরুতর মামলাগুলোর বেলায়, প্রবেশন পরিষেবা প্রদানকারীরা অপরাধীর দোষী সাব্যস্ত হওয়ার পরে ভুক্তভোগী বা তাদের পরিবারের সাথে একটি গুরুতর আরও অপরাধ পর্যালোচনার ফলাফলগুলো শেয়ার করার প্রস্তাব দেবে। যদি এটি ঘটে থাকে সেক্ষেত্রে গুরুতর আরও অপরাধের পর্যালোচনার ফলাফল নিয়ে প্রবেশন পরিষেবা প্রদানকারীর একজন সিনিয়র ম্যানেজারের সাথে দেখা করতে চান কিনা এবং আপনি যদি প্রতিবেদনের একটি অনুলিপি পেতে চাইলে আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসারের সাথে যোগাযোগ করার অধিকার আপনার রয়েছে।

অধিকার 12: আপনার অধিকার পূরণ না হওয়ার বিষয়ে অভিযোগ জানানো

12.1 যদি আপনি মনে করেন যে আপনি এই কোডের অধীনে আপনার কোনো অধিকার পাননি, তাহলে আপনি অভিযোগ জানাতে পারেন। প্রথমত, এবং যদি আপনি এতে স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাহলে আপনি সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী সংস্থার যে ব্যক্তির সাথে কাজ করে আসছেন তার সাথে আপনার অভিযোগ নিয়ে আলোচনা করা উচিত।

12.2 আপনি যদি এতে সন্তুষ্ট না হন, বা আপনি যার সাথে কাজ করছেন তার সাথে অভিযোগ নিয়ে আলোচনা করতে যদি আপনি স্বাচ্ছন্দ্য বোধ না করেন, তাহলে আপনি পরিষেবা প্রদানকারীর অভ্যন্তরীণ অভিযোগ সম্পর্কিত নিয়মের মাধ্যমে অভিযোগ করতে পারেন। [পাদটীকা 52] তারা আপনাকে তাদের অভিযোগ সম্পর্কিত নিয়ম সম্পর্কে তথ্য প্রদান করবে এবং এই নিয়মের দ্বারা নির্ধারিত সময়সীমার মধ্যে তাদের প্রতিক্রিয়া জানাবে।

12.3 আপনি যদি ভুল পরিষেবা প্রদানকারীর কাছে আপনার অভিযোগ পাঠান বা একাধিক পরিষেবা প্রদানকারীর দ্বারা এটির সুরাহা করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে তারা আপনাকে জানাবে।

12.4 আপনি যদি পরিষেবা প্রদানকারীর অভিযোগের প্রক্রিয়া শেষ করার পরেও সন্তুষ্ট না হন, অথবা তারা আপনার কাছে ফিরে আসতে খুব বেশি সময় নেয়, সেক্ষেত্রে আপনি আপনার সংসদ সদস্যকে আপনার অভিযোগটি পার্লামেন্টারি অ্যান্ড হেলথ সার্ভিস ওমবুডজমেন (ন্যায়পাল) এর কাছে পাঠানোর জন্য বলতে পারেন। ন্যায়পাল তাদের কাছে পাঠানো যেকোনো অভিযোগ বিবেচনা করবেন এবং যথাযথ হলে, একটি স্বাধীন তদন্ত পরিচালনা করবেন।

12.5 ন্যায়পালের কাছে অভিযোগ করার বিষয়ে আরও তথ্য তাদের ওয়েবসাইটে পাওয়া যাবে: www.ombudsman.org.uk অথবা তাদের গ্রাহক হেল্পলাইনে কল করে: 0345 015 4033 [পাদটীকা 53]

1. সেক্রেটারি অফ স্টেট ফর জাস্টিস কর্তৃক ডমেস্টিক ভায়োলেন্স, ক্রাইম অ্যান্ড ভিকটিমস অ্যাক্ট 2004 এর 32 ধারার অধীনে ভিক্টিমস কোড জারি করা হয়েছে।↩
2. তবে, ব্যবসা প্রতিষ্ঠান এবং অন্যান্য উদ্যোগ যেমন দাতব্য সংস্থাগুলো তাদের বিরুদ্ধে কোনো ফৌজদারি অপরাধ সংঘটিত হলে এই কোডের সেবাগুলো পেতে পারে এবং অপরাধটির প্রভাব সম্পর্কে একটি ইমপেক্ট স্টেটমেন্ট দিতে পারে, তবে শর্ত থাকে যে তাদের সাথে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীকে একজনের নাম দিতে হবে। ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কীভাবে একটি ইমপেক্ট স্টেটমেন্ট তৈরি করবেন সে সম্পর্কে আরও তথ্য↩
3. এই কোডের উদ্দেশ্যে একটি 'ফৌজদারী অপরাধ' মানে এমন একটি অপরাধ যা ইংল্যান্ড এবং ওয়েলসে সংঘটিত যা ফৌজদারি কার্যবিধির অধীন।↩
4. এর দ্বারা সাধারণত ভুক্তভোগীর স্বামী/স্ত্রী, সঙ্গী, সরাসরি আত্মীয়, ভাইবোন এবং নির্ভরশীলদেরকে বোঝায়। অভিভাবক এবং পরিচর্যাকারী সহ পরিবারের অন্যান্য সদস্যদের পরিষেবা প্রদানকারীর বিশেষ বিবেচনায় ঘনিষ্ঠ আত্মীয় হিসাবে বিবেচনা করা যেতে পারে। ↩

5. যদি পিতামাতা বা অভিভাবক তদন্তের অধীন না অথবা অপরাধের সাথে জড়িত থাকার অভিযোগে পুলিশ অভিযুক্ত না করে অথবা যদি সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী যুক্তিসঙ্গত মনে না করেন, সেক্ষেত্রে পিতামাতা বা অভিভাবকের জন্য এই ধরনের পরিষেবা গ্রহণ করা ভুক্তভোগীর সর্বোত্তম স্বার্থে গন্য হবে না। ↩

6. www.gov.uk/government/publications/the-witness-charter-standards-of-care-for-witnesses-in-the-criminal-justice-system↩

7. এর দ্বারা স্বামী/স্ত্রী, সঙ্গী, সরাসরি আত্মীয়, ভাইবোন এবং শিকারের নির্ভরশীলদের বোঝায়। অভিভাবক এবং পরিচর্যাকারী সহ পরিবারের অন্যান্য সদস্যদেরকে ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসের বিবেচনার ভিত্তিতে নিকটাত্মীয় হিসাবে বিবেচনা করা যেতে পারে।↩

8. দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন উপলব্ধ। আপনি যদি ইউনাইটেড কিংডমে না থাকেন, তাহলে আপনি নিকটস্থ ব্রিটিশ দূতাবাস, হাই কমিশন বা কনস্যুলেট অফিসে সাথে যোগাযোগের বিশদ বিবরণ খুঁজে পেতে পারেন অনলাইনে↩

9. হার ম্যাজেস্টি'স প্রিজন অ্যান্ড প্রোবেশন সার্ভিসকে অবশ্যই একটি টেলিফোন হেল্পলাইন (ভিকটিম হেল্পলাইন) চালু রাখতে হবে যাতে ভুক্তভোগীরা বন্দীর কাছ থেকে অবাঞ্ছিত যোগাযোগ করা হলে তারা সেই নম্বরে ফোন করতে পারেন। ↩

10. সোমবার - শুক্রবার, সকাল 9.00 টা - বিকাল 4.00 টা।↩

11. এতে এই কোডের অধিকার 3, 4, 5, 6, 8, 9 এবং 11 এর অধীনে যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে।↩

12. www.gov.uk/contempt-of-court↩

13. www.nhs.uk/live-well/sexual-health/help-after-rape-and-sexual-assault/↩

14. উইটনেস কেয়ার ইউনিট হল পুলিশের নেতৃত্বে সম্পাদিত কার্যাবলী বর্ণনা করার জন্য প্রযোজ্য একটি নাম যা ফৌজদারি বিচার ব্যবস্থার মাধ্যমে মামলার অগ্রগতির বিষয়ে ভুক্তভোগী এবং সাক্ষীদের তথ্য এবং সহায়তা প্রদান করে। এই ইউনিটটি আপনার স্থানীয় এলাকায় অন্য নামে পরিচিত হতে পারে। পুলিশ আপনাকে সেই ইউনিটের নাম বলবে যারা এই কোডে বর্ণিত উইটনেস কেয়ার ইউনিটকে অর্পিত অধিকারগুলো প্রদান করবে। ↩

15. এটি কেবলমাত্র সেই ক্ষেত্রে প্রযোজ্য যেখানে পরিষেবা প্রদানকারী অপরাধের একটি ফৌজদারি তদন্ত পরিচালনার জন্য আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছে বা সেই অপরাধের বিচার করার সিদ্ধান্ত নেওয়ার জন্য আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছে।↩

16. বিশেষ ব্যবস্থার জন্য যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে এটি আদালতের জন্য ইউথ জাস্টিস অ্যান্ড ক্রিমিনাল এভিডেন্স অ্যাক্ট 1999-এর ধারা 16-এর মানদণ্ডের উপর ভিত্তি করে প্রযোজ্য।↩

17. এই কোডের অধীনে সাধারণ বর্ধিত অধিকারের জন্য। তবে, ইউথ জাস্টিস অ্যান্ড ক্রিমিনাল এভিডেন্স অ্যাক্ট 1999 এর 16 ধারার অধীনে বিশেষ ব্যবস্থার জন্য যোগ্য হতে, শুনানির সময় আপনার বয়স 18 বছরের কম হতে হবে। ↩

18. এটি ইয়ুথ জাস্টিস অ্যান্ড ক্রিমিনাল এভিডেন্স অ্যাক্ট 1999-এর 17 ধারায় বিশেষ ব্যবস্থার জন্য যোগ্যতার মানদণ্ডের উপর ভিত্তি করে। ↩

19. এতে মোখিক এবং অ-মৌখিক উভয় প্রকার ইন্টারপ্রিটিং অন্তর্ভুক্ত, উদাহরণস্বরূপ যদি কোনো ভুক্তভোগী বধির বা শ্রবণশক্তিহীন হয়।↩

20. আপনি যে ভাষা বুঝতে পারেন বা আপনি ইংরেজিতে কথা না বললে প্রয়োজনীয় ভাষাগত সহায়তা নিয়ে অপরাধের রিপোর্ট করার অধিকার আপনার রয়েছে।↩

21. ভিকটিমস রাইটস টু রিভিউ এর ব্যাখ্যার জন্য অধিকার 6 দেখুন। ↩

22. ওয়েলশ ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট 1993 এর ধারা 22(1) অনুযায়ী: "ওয়েলসের যেকোনো আইনি প্রক্রিয়ায় যেকোনো পক্ষ, সাক্ষী বা অন্য কোনো ব্যক্তি ওয়েলশ ভাষাটি ব্যবহার করতে চাইলে তারা তা করতে পারেন"। ম্যাজিস্ট্রেটদের আদালতের কার্যক্রমে ওয়েলশ ভাষা ব্যবহার করার জন্য কোন পূর্ব নোটিশের প্রয়োজন নেই। তবে, কখনও কখনও ব্যাখ্যার (ইন্টারপ্রিটেশন) ব্যবস্থা করা প্রয়োজন হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য ওয়েলশ ভাষা ইউনিটকে আগে নোটিশ দেওয়া হবে। ↩

23. ইয়ুথ অফেন্ডিং টিম হল একটি মাল্টি-এজেন্সি টিম যা 10 থেকে 17 বছর বয়সী ছেলেমেয়েদেরকে নিয়ে কাজ করে যারা অপরাধ করেছে বা অপরাধ করার ঝুঁকিতে থাকতে পারে। এগুলো কোনো স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা সমন্বয় করা হয় এবং অল্পবয়সীদের বিচার ব্যবস্থার অংশ হিসাবে ইউথ জাস্টিস বোর্ড দ্বারা পর্যবেক্ষণ করা হয়।↩

24. www.apccs.police.uk/find-your-pcc/↩

25. www.apccs.police.uk/find-your-pcc/↩

26. ইয়ুথ জাস্টিস অ্যান্ড ক্রিমিনাল এভিডেন্স অ্যাক্ট 1999 বিভিন্ন ধরনের ব্যবস্থা প্রবর্তন করেছে যা অরক্ষিত এবং ভয় পাওয়া সাক্ষীদের জমায়েত হওয়া এবং সাক্ষ্য প্রদানের সুবিধার্থে ব্যবহার করা যেতে পারে। এই ব্যবস্থাগুলো সম্মিলিতভাবে 'বিশেষ ব্যবস্থা' হিসাবে পরিচিত। বিশেষ ব্যবস্থাগুলো সাক্ষ্য দেওয়ার সাথে যুক্ত কিছু চাপ থেকে মুক্তি দিতে সাহায্য করে এবং প্রসিকিউশন এবং বিবাদী পক্ষের সাক্ষীদের জন্য প্রযোজ্য, কিন্তু আসামীর জন্য নয়।↩

27. আপনি যদি ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন অথরিটির কাছে ফৌজদারি আঘাতের ক্ষতিপূরণের জন্য আবেদন করার কথা বিবেচনা করেন, তাহলে আপনার মনে রাখতে হবে যে আপনি আক্রমণকারীকে বিচারের আওতায় আনতে যুক্তিসঙ্গতভাবে যথাযথ পরিমাণে সহযোগিতা না করেন তবে আপনার প্রাপ্য ক্ষতিপূরণের অর্থ আটকে রাখা হবে। ↩

28. ক্রিমিনাল ইনজুরিস কমপেনসেশন অথরিটির কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়ার যোগ্যতা আপনার আবাসিক অবস্থা বা জাতীয়তার উপর নির্ভর করতে পারে যদি না আপনি কোনো উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা মানব পাচারের শিকার হিসাবে চিহ্নিত না হন বা ইমিগ্রেশন অ্যাক্ট 1971 এর ধারা 3(2) অনুযায়ী শরনার্থীর মর্যাদা লাভ করেন।↩

29. ব্যতিক্রমী পরিস্থিতির কারণে আগে একটি আবেদন করা যায়নি, এবং এমন প্রমাণ পাওয়া গেছে যে সহিংসতার অপরাধ সংগঠিত হয়েছে এবং একজন ক্লেইম অফিসার আরও বিস্তৃত অনুসন্ধান ছাড়াই সিদ্ধান্ত নিতে পারেন।↩

30. সোমবার - শুক্রবার, সকাল 10:00 - বিকাল 3:00 পর্যন্ত↩

31. প্রসিকিউশনের বিকল্পগুলো, যেমন সতর্কতা, শর্তসাপেক্ষ সতর্কতা এবং বিশৃঙ্খলার জন্য শাস্তির নোটিশ, নমনীয়তার সাথে মোকাবিলা করার উদ্দেশ্যে, প্রায়শই প্রথমবারের মতো অপরাধ, যেখানে বিচার করার বিষয়টি জনস্বার্থে হবে না।↩

32. অন্যান্য পরিষেবা প্রদানকারীরা (এই কোডের 8 পৃষ্ঠায় তালিকাভুক্ত) তাদের নিজস্ব স্কিমের মাধ্যমে কীভাবে পর্যালোচনার জন্য বলবেন তা ব্যাখ্যা করবে।↩

33. ভিকটিমস রাইট টু রিভিউ বিশেষভাবে বিচার না করার সিদ্ধান্তের সাথে সম্পর্কিত। এটি অপরাধ-রেকর্ডিং সিদ্ধান্ত বা অনুসন্ধান চালিয়ে না যাওয়ার সিদ্ধান্তগুলোকে কভার করে না।↩

34. নির্দিষ্ট মামলা যেখানে ভুক্তভোগীরা ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে দেখা করার অধিকারী হয়: শিশু নির্যাতন; যৌন অপরাধ; জাতিগত এবং ধর্মীয় উন্মাদনাজনিত অপরাধ; সমকামী বা ট্রান্সজেন্ডারদের প্রতি ঘৃণার উপাদান সহ অপরাধ; অক্ষমতার (ডিজেবিলিটি) উপর ভিত্তি করে শত্রুতা দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত অপরাধ; এবং বয়সের উপর ভিত্তি করে শত্রুতা দ্বারা অনুপ্রাণিত মামলাসমূহ। ↩

35. যে ক্ষেত্রে শোকাহত পরিবারগুলো ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের সাথে দেখা করার অধিকারী তা হল: খুন, নরহত্যা, কর্পোরেট হত্যা, পারিবারিক হত্যা, বিপজ্জনক ড্রাইভিং দ্বারা মৃত্যু ঘটানো, মদ্যপান বা মাদক সেবনের অযোগ্য থাকা অবস্থায় অসতর্ক গাড়ি চালানোর কারণে মৃত্যু, অসাবধান ড্রাইভিং দ্বারা মৃত্যু অথবা অবিবেচনাপূর্ণ ড্রাইভিং এর মাধ্যমে, লাইসেন্সবিহীন, অযোগ্য বা বীমাবিহীন গাড়ি চালিয়ে যেখানে মৃত্যু ঘটতে পারে সেখানে নিয়ে যাওয়া।↩

36. কারাগারে আটক থাকা অপরাধীরা তাদের মূল সাজার ন্যূনতম অর্ধেক মেয়াদ খাটার পরে, তাদের অগ্রগতি ও উন্নয়নের আলোকে হাইকোর্ট তাদের সাজা পর্যালোচনা করতে পারে। এটি এই সত্যটিকে প্রতিফলিত করে যে তরুণরা প্রাপ্তবয়স্কদের তুলনায় আরও দ্রুত পরিবর্তিত হয়, হয়তো এটি সাজা দেওয়ার সময় সম্পূর্ণরূপে স্পষ্ট নাও হতে পারে। ভুক্তভোগী বা কোনো মৃত ব্যক্তির পরিবার হাইকোর্টে ভিকটিম পার্সোনাল স্টেটমেন্ট জমা দিতে পারে।↩

37. অপরাধীকে জুরিগণ দ্বারা দোষী সাব্যস্ত না করা হলে উইটনেস কেয়ার ইউনিট একটি ব্যাখ্যা দিতে অক্ষম হবে, কারণ জুরিকে তাদের সিদ্ধান্তের কারণ প্রদান করতে হবে না।↩

38. সাজা সম্পর্কে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস এর কোনে উদ্বেগ থাকলে তারাও অ্যাটর্নি জেনারেলের সাথে যোগাযোগ করতে পারে।↩

39. অ্যাটর্নি জেনারেল হলেন ব্রিটিশ রাজত্বের প্রধান আইনী উপদেষ্টা এবং তার অনেকগুলো স্বাধীন জনস্বার্থের কাজ রয়েছে, সেইসাথে তিনি আইন কর্মকর্তাদের বিভাগগুলো তত্ত্বাবধান করেন।↩

40. একটি সাজা 'অতিশয় হালকা' হয় যদি এটি সাজার সাধারণ পরিসরের বাইরে পড়ে যদি বিচারক যুক্তিসঙ্গতভাবে উপযুক্তভাবে বিবেচনা করতেন।↩

41. আপনি যদি প্যারোল বোর্ড প্যানেলে আপনার ভিকটিম পারসোনাল স্টেটমেন্ট পেশ করার জন্য কোনো কারাগারে যান তাহলে আপনি প্যারোল বোর্ড থেকে কিছু খরচ দাবি করার যোগ্য, উদাহরণস্বরূপ, ভ্রমণ বা জলখাবার এবং খাবারের জন্য। যদি এই খরচগুলো দাবি করার বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকে তবে আপনার ভিকটিম লিয়াজোঁ অফিসার সাহায্য করতে সক্ষম হবেন ।↩

42. অপরাধের বিচারের জন্য দায়ী অন্যান্য পরিষেবা প্রদানকারীদের অবশ্যই এমন নিয়ম থাকতে হবে যার অধীনে সাক্ষ্য দেওয়ার জন্য ভুক্তভোগীদের আদালতে উপস্থিত হওয়ার জন্য খরচকৃত অর্থ ফেরত পাওয়ার সম্ভাবনা রয়েছে। ↩

43. ডমেস্টিক ভায়োলেন্স, ক্রাইম অ্যান্ড ভিকটিমস অ্যাক্ট 2004 এর ধারা 45(2) এ প্রদত্ত সংজ্ঞা অনুসারে। ↩

44. এই ক্ষেত্রে কারাগার বলতে বোঝানো যেতে পারে যেকোনো স্থান যেখানে কোনো ব্যক্তিকে আটক করে রাখা যাবে, উদাহরণস্বরূপ কোনো তরুণ অপরাধীর প্রতিষ্ঠান সহ। ↩

45. কোনো রোগীর উপর বিধিনিষেধ আরোপ করা হবে যদি আদালত বিবেচনা করে যে এটি গুরুতর ক্ষতি থেকে অন্যদের সুরক্ষার জন্য প্রয়োজনীয়। সেক্রেটারি অব স্টেট 'সীমাবদ্ধ (রেস্ট্রিকটেড) রোগীদের' ব্যবস্থাপনায় জড়িত থাকেন। এর অর্থ হল সেক্রেটারি অব স্টেট অপরাধীর পুনর্বাসনের বিষয়ে সিদ্ধান্ত নেবেন। 'অ-সীমাবদ্ধ (নন-রেস্ট্রিকটেড) রোগীগণ' চিকিৎসক এবং হাসপাতালের পরিচালকদের দ্বারা পরিচালিত হয়।↩

46. প্যারোল বোর্ডের কোনো সম্পৃক্ততা ছাড়াই বেশিরভাগ বন্দী স্বয়ংক্রিয়ভাবে মুক্তি পায়। মুক্তির উপযুক্ততা বিবেচনা করার জন্য প্যারোল বোর্ডের কাছে প্রধান শ্রেণিবিভাগকৃত বন্দীরা হল: ক), বর্ধিত নির্ধারিত সাজাপ্রাপ্ত বন্দী যারা তাদের সাজার নির্দিষ্ট অংশ হেফাজতে থাকার পরে লাইসেন্সের অধীনে মুক্তি পেতে পারে, খ) অনির্দিষ্ট সাজাপ্রাপ্ত বন্দী যেমন যাঁরা যাবজ্জীবন সাজা ভোগ করছেন বা জননিরাপত্তার জন্য তাদেরকে কারাগারে আটক রাখা হয়েছে, এবং গ) লাইসেন্সের শর্ত লঙ্ঘন করার কারণে কারাগারে ফেরত আনা হয়েছে এবং নির্ধারিত সাজা ভোগ করছেন এমন বন্দীরা। ↩

47. উদাহরণস্বরূপ, যেখানে এটি কাউকে - অপরাধী, ভুক্তভোগী বা অন্য কোনো ব্যক্তিকে ঝুঁকিতে ফেলতে পারে। ↩

48. https://www.gov.uk/guidance/challenge-a-parole-decision↩

49. ব্যতিক্রমী পরিস্থিতিতে এই সময়কাল সংক্ষিপ্ত করার জন্য অনুরোধ করা যেতে পারে, যদি এটি ঘটে তবে ভুক্তভোগীদেরকে জানানো হবে। ↩

50. একটি নির্দিষ্ট দৈর্ঘ্যের সময়ের জন্য নির্ধারিত কারাদণ্ড। বন্দী সাজার প্রথম অর্ধেক বা দুই-তৃতীয়াংশ (সাজা এবং অপরাধের সামগ্রিক দৈর্ঘ্যের উপর নির্ভর করে) কারাগারে এবং অবশিষ্ট অংশ কমিউনিটিতে 'লাইসেন্সে' ব্যয় করবে। যদি তারা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করে, উদাহরণস্বরূপ তারা খারাপ আচরণ প্রদর্শন

করে যা তাদের ঝুঁকি বাড়ায়, তাহলে বাকি সাজার জন্য তাদের কারাগারে ফেরত পাঠানো হতে পারে।↩

51. Probation Instruction 15/2014-এর Annex C-তে তালিকাভুক্ত কোনো অপরাধ 'গুরুতর আরও অপরাধের জন্য বিজ্ঞপ্তি এবং পর্যালোচনা পদ্ধতি' (সময়ে সময়ে সংশোধিত)। এগুলো হলো বর্তমানে সকল গুরুতর সহিংস বা যৌন অপরাধ যেখানে সর্বাধিক 14 বছরের কারাদণ্ড বা একটি অনির্দিষ্ট সাজা দেওয়া হতে পারে।↩

52. পরিষেবা প্রদানকারীদের অবশ্যই একটি স্পষ্টভাবে চিহ্নিত অভিযোগ প্রক্রিয়া থাকতে হবে যার মাধ্যমে ভুক্তভোগীরা অভিযোগ করতে পারেন যদি এই কোডের অধীনে তাদের অধিকারগুলো পূরণ না হয়। ↩

53. সোমবার - বৃহস্পতিবার, সকাল 8.30 টা - বিকাল 5.00 টা এবং শুক্রবার, 8.30 টা থেকে দুপুর 12 টা পর্যন্ত↩